# পোষাক পরিধান নির্দেশিকা

## বাংলাদেশ কোস্ট গার্ড

কোস্ট গার্ড প্রকাশনা - সি জি পি ০১/২০১৫



## মুখবন্ধ

পোষাকের মাধ্যমে একটি গোষ্ঠি, জাতি বা একটি বাহিনীর স্বকীয়তা এবং বৈশিষ্ট্য প্রস্ফুটিত হয়। অনুরুপভাবে সশস্ত্র বাহিনী বা যে কোন আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিজস্ব পোষাক, সংশ্লিষ্ট বাহিনীর ঐতিহ্যেরই প্রতীক হিসেবে ব্যবহৃত হয়। পরিধেয় পোষাক শুধু তাদের পরিচিতিই প্রকাশ করে না, পাশাপাশি এটা তাদের মর্যাদা ও আত্মবিশ্বাসের উৎস হিসেবেও কাজ করে। একটি বাহিনীর জন্য মানানসই ও নিখুঁত সেলাই করা চৌকষ পোষাক অপরিহার্য, যা হতে হয় সবার জন্য এক ও অভিন্ন। এই অভিন্ন পোষাক একটি বাহিনীর ভাব গাম্ভীর্য ফুটিয়ে তোলার সাথে সাথে হয়ে ওঠে সে বাহিনীর প্রত্যেক সদস্যের গর্বের প্রতীক। আর এই অভিন্নতা রক্ষার্থে এই পোষাক পরিধান নির্দেশিকায় বর্ণিত বিনির্দেশ পুঙ্খানুপুঙ্খরূপে অনুসরণ করা সংশ্লিষ্ট সকলের জন্য অপরিহার্য। বিনির্দেশ বহির্ভূত ভুল সেলাই ও ব্যক্তিগত পছন্দে পোষাক তৈরী শুধু অগ্রহনযোগ্যই নয়, তা হবে বিধির পরিপন্থি। কোস্ট গার্ডের প্রতিষ্ঠা থেকে বিগত বছরগুলোতে বিভিন্ন সময়ে বিভিন্ন নতুন পোষাক বাংলাদেশ কোস্ট গার্ডের পোষাক তালিকায় সংযুক্ত হয়েছে, যা ভিন্ন ভিন্ন গেজেটের মাধ্যমে ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য প্রচলিত পোষাকসমূহ সঠিকভাবে তৈরী এবং বিভিন্ন অনুষ্ঠান/উপলক্ষ্যে ছবিসহ নির্দেশিত পোষাক সঠিকভাবে পরিধানের জন্য একটি পোষাক পরিধান নির্দেশিকা প্রবর্তন করা অপরিহার্য বলে অনুভূত হয়।

"পোষাক পরিধান নির্দেশিকা" নামের এই প্রকাশনাটিতে বাংলাদেশ কোস্ট গার্ডের সকল পোষাকের ছবিসহ বর্ণনা, পরিধানের উপলক্ষ্য, অন্যান্য বাহিনী হতে প্রেষণে আগতদের ক্ষেত্রে প্রযোজ্য পোষাক এবং এর আনুষাঙ্গিক উপাদানের বিস্তারিত বর্ণনা প্রদান করা হয়েছে যা ভবিষ্যতে পোষাক পরিধান সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের তাৎক্ষণিক উত্তর প্রাপ্তিতে সহায়ক ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

এম মকবুল হোসেন
রিয়ার এডমিরাল
মহাপরিচালক
বাংলাদেশ কোস্ট গার্ড

ঢাকা
০১ নভেম্বর ২০১৫

# সূচী

| বিবরণ | | পৃষ্ঠা |
|---|---|---|


পোষাকের প্রাধিকার এবং পরিধানের সাধারণ নিয়মাবলী ৫-৭

## সেকশন -১
### কর্মকর্তাগণের পোষাক

| | | |
|---|---|---|
| পোষাক নং ১ | আনুষ্ঠানিক পোষাক (Ceremonial Dress) (মেডেল সহ) | ৯-১০ |
| পোষাক নং ২ | হাফ বুশ (কমান্ডার এবং তদুর্ধ পদবীর কর্মকর্তাগণের জন্য প্রযোজ্য) | ১১-১২ |
| পোষাক নং ৩ | কর্মকালীন পোষাক (Working Dress) | ১৩-১৪ |
| পোষাক নং ৪ | সমর পোষাক (Action Dress) | ১৫-১৬ |

### কোস্ট গার্ড-এ কর্মরত কর্মকর্তাগণ কর্তৃক ব্যবহারযোগ্য মাতৃবাহিনী/নৌ বাহিনীর পোষাক সামগ্রী

| | |
|---|---|
| সার্ভিস ড্রেস ব্ল্যাক (নং ৮) | ১৮-১৯ |
| মেস ড্রেস সাদা | ২০-২১ |
| মেস আন ড্রেস | ২২ |
| রেড সী রিগ | ২৩-২৪ |

## সেকশন -২
### সিভিল পোষাক

| | |
|---|---|
| ফরমাল পোষাক/লাউঞ্জ স্যুট | ২৬ |
| কম্বিনেশন | ২৭ |
| ক্লোজড্ কলার | ২৮ |
| স্মার্ট ক্যাজুয়াল | ২৯ |
| প্রেয়ার রিগ | ৩০ |

## সেকশন -৩
### নাবিকদের পোষাক

| | | |
|---|---|---|
| পোষাক নং ১ | আনুষ্ঠানিক পোষাক (Ceremonial Dress) | ৩২-৩৩ |
| পোষাক নং ২ | অনির্ধারিত | ৩৪ |
| পোষাক নং ৩ | কর্মকালীন পোষাক (Working Dress) | ৩৪-৩৫ |
| পোষাক নং ৪ | সমর পোষাক (Action Dress) | ৩৬-৩৭ |
| পোষাক নং ৫ | খেলাধুলার পোষাক (Sports Rig) | ৩৮ |

### কোস্ট গার্ড এ কর্মরত নাবিকদের জন্য নৌ বাহিনীর পোষাক (নৌ বাহিনী হতে প্রাপ্ত)

| | |
|---|---|
| সার্ভিস ড্রেস ব্ল্যাক (নং ৮) | ৩৯-৪০ |

## সেকশন -৪
### পোষাক এর মাপ এবং ডিজাইন


| | |
|---|---|
| আনুষ্ঠানিক পোষাক (Ceremonial Dress) | ৪২ |
| হাফ বুশ (Half Bush) | ৪২ |
| কর্মকালীন পোষাক (Warking Dress) | ৪২-৪৩ |
| সমর পোষাক (Action Rig) | ৪৩ |
| মেডেল, রিবন, মনোগ্রাম পরিধানের নিয়মাবলী | ৪৪ |
| খেলাধুলার পোষাক (Sports Rig) | ৪৫ |


## সেকশন -৫
### ইউনিফর্ম এর সাথে পরিধানযোগ্য আনুষঙ্গিক দ্রব্যাদি


| | |
|---|---|
| হেড গিয়ার | ৪৭ |
| ক্যাপ ব্যাজ | ৪৭-৪৮ |
| সোল্ডার স্ট্র্যাপস্ (অফিসার) | ৪৯ |
| সোল্ডার ফ্ল্যাপস্ (অফিসার) | ৪৯ |
| স্ট্র্যাপস্ অন স্লিভস (অফিসার) | ৪৯ |
| জর্জেট প্যাচ (অফিসার) | ৫০ |
| সোল্ডার স্ট্র্যাপস্ (জেসিও) | ৫১ |
| সোল্ডার ফ্ল্যাপস্ (জেসিও) | ৫১ |
| আর্ম ব্যাজেজ (পিও এবং নাবিক) | ৫২ |
| র‍্যাংক ব্যাজেজ (পিও এবং নাবিক) | ৫২ |
| জিসিবি (Good Conduct Badges) | ৫৩ |
| চেষ্ট ব্যাজেজ | ৫৩ |
| মেডেল্স | ৫৪ |
| রিবন্স | ৫৪ |
| বাহু বন্ধনী | ৫৪-৫৫ |
| স্কার্ফ | ৫৫ |
| কোস্ট গার্ডের পদকসমূহ | ৫৬-৫৭ |
| অন্যান্য আনুষাঙ্গিক দ্রব্যাদি | ৫৮-৬৩ |
| পরিশিষ্ট ক | ৬৪ |
| পরিশিষ্ট খ | ৬৫-৬৬ |
| পরিশিষ্ট গ | ৬৭ |

# পোষাকের প্রাধিকার এবং পরিধানের সাধারণ নিয়মাবলী

## ০১০১। পোষাক সামগ্রীর প্রাধিকার

ক) বাংলাদেশ কোস্ট গার্ডে নিয়োগ প্রাপ্তির পর এ নির্দেশিকায় বর্ণিত কোস্ট গার্ড এ নির্ধারিত পোষাক সামগ্রী অফিসারগণকে ভর্তুকি মুল্যের বিনিময়ে সরবরাহ করা হবে এবং সরকার কর্তৃক নির্ধারিত হারে তাঁরা পোষাক ভাতা প্রাপ্য হবেন। এ ছাড়াও অফিসারগণ যে বাহিনী হতে প্রেষণে কোস্ট গার্ডে নিযুক্ত হন, সে বাহিনীর অন্যান্য পোষাক বিধি মোতাবেক প্রাপ্য হবেন। বর্ণিত পোষাক ছাড়াও অফিসারগণ প্রয়োজনে কর্তৃপক্ষ নির্দেশিত অন্যান্য পোষাকসমূহ পরিধান করবেন।

খ) নাবিকবৃন্দ যখন বাংলাদেশ কোস্ট গার্ডে প্রথম নিয়োগ/ভর্তি/প্রেষনে যোগদান করবে তখনই অত্র নির্দেশিকা অনুযায়ী কোস্ট গার্ড এর জন্য নির্ধারিত সকল পোষাক এবং এতদ্‌সংগে অন্যান্য দ্রব্যসামগ্রী প্রচলিত নিয়মানুযায়ী তাদের স্ব-স্ব নামে বিনামূল্যে ইস্যু করা হবে।

## ০১০২। অফিসার এবং নাবিকবৃন্দের জন্য পোষাক সমূহ

ক) নিম্ন বর্ণিত পোষাক সমূহ অফিসার এবং নাবিকবৃন্দের প্রযোজ্যতা অনুসারে উল্লেখিত হলো, যা পোষাক সমূহের নাম অনুযায়ী পরিচিত হবে ঃ

| ক্রমিক | পোষাকের নাম | ড্রেস নম্বর | অফিসার | নাবিক |
|---|---|---|---|---|
| ১. | আনুষ্ঠানিক (Ceremonial) পোষাক | ড্রেস নং- ১ | প্রযোজ্য | প্রযোজ্য |
| ২. | কর্মকালীন (Working) পোষাক - হাফবুশ | ড্রেস নং- ২ | প্রযোজ্য | প্রযোজ্য নয় |
| ৩. | কর্মকালীন (Working) পোষাক | ড্রেস নং- ৩ | প্রযোজ্য | প্রযোজ্য |
| ৪. | সমর (Action) পোষাক | ড্রেস নং- ৪ | প্রযোজ্য | প্রযোজ্য |
| ৫. | খেলাধুলার (Sports) পোষাক | ড্রেস নং- ৫ | প্রযোজ্য | প্রযোজ্য |
| **নৌ বাহিনীর পোষাক** | | | | |
| ৬. | সার্ভিস ড্রেস ব্ল্যাক (নং ৮) | - | প্রযোজ্য | প্রযোজ্য |
| ৭. | মেস ড্রেস সাদা | - | প্রযোজ্য | প্রযোজ্য নয় |
| ৮. | মেস আন ড্রেস | - | প্রযোজ্য | প্রযোজ্য নয় |
| ৯. | রেড সী রিগ | | প্রযোজ্য | প্রযোজ্য নয় |

খ) বর্ণিত পোষাক সূহের বিবরণ এবং ব্যবহারের ক্ষেত্র/অনুষ্ঠান সমূহ পরবর্তী অধ্যায় সমূহে বিস্তারিতভাবে উল্লেখিত হয়েছে।

## ০১০৩। পোষাক পরিধানের সাধারণ নিয়মাবলী

(ক) সরকারী আদেশের মাধ্যমে যেরূপ পোষাক নির্ধারণ করা হবে কোস্ট গার্ডের সকল পোষাকধারী সদস্যগণকে সেরূপ পোষাক পরিধান করতে হবে।

(খ) ছুটি এবং অত্র নির্দেশিকায় বর্ণিত অন্য কোন উপলক্ষ্য, অনুষ্ঠান বা নির্দেশনা ব্যতীত কর্মদিবসে সকল অফিসার এবং নাবিকবৃন্দ স্ব-স্ব পদবী অনুযায়ী পোষাক পরিধান করবেন।

(গ) কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত বেসামরিক কোন নৈশ ক্লাবে, সাধারণ ক্লাব, হোটেল ইত্যাদিতে বর্ণিত ইউনিফর্ম পরিধান করা যাবে না। সাধারণ ক্লাব বা হোটেলে কোন অফিসিয়াল অনুষ্ঠানে অংশগ্রহনের উদ্দেশ্যে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পোষাক পরিধান করতে হবে।

(ঙ) যখন অফিসার এবং নাবিকগণ কোন বেসামরিক দায়িত্বে নিয়োজিত থাকেন তখন সাধারনভাবে উপরে বর্ণিত ইউনিফর্ম সমূহ পরিধান করা অনুচিত। তবে, তিনি যখন স্বীয় বাহিনীর দপ্তর বা অন্যান্য অনুষ্ঠানে উপস্থিত হবেন তখন উক্ত স্থান/সময়ে নির্ধারিত/নির্দেশিত পোষাক পরিধান করতে পারবেন।

(গ) কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত বেসরকারীভাবে আয়োজিত যে কোন অনুষ্ঠান বা সমাবেশে ইউনিফর্ম পরিধান করা নিষিদ্ধ।

## ০১০৪। বিদেশে পোষাক পরিধান

সংশ্লিষ্ট বৈদেশিক কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা থাকলে বিদেশে পোষাক পরিধান নিষিদ্ধ। বিদেশে সাধারণতঃ নিম্নোক্ত ক্ষেত্রে পোষাক পরিধান করা যাবে ঃ

(ক) কর্তব্যকালীন অবস্থায়, বাহিনীর প্রতিনিধি হিসেবে কোন সভা, সেমিনার, ওয়ার্কশপ, রাষ্ট্রীয় অতিথি ইত্যাদিতে অংশগ্রহণ কালে।
(খ) বাহিনীর প্রতিনিধি হিসেবে আদালতে উপস্থিতির ক্ষেত্রে।
(গ) রাষ্ট্রীয় অনুষ্ঠানাদিতে যোগদানের ক্ষেত্রে।
(ঘ) বৈদেশিক মহড়ায় যোগদানের ক্ষেত্রে।
(ঙ) কোর্স/প্রশিক্ষণকালে ।
(চ) তাৎক্ষনিকভাবে কোস্ট গার্ড কর্তৃপক্ষ বা বিদেশে অবস্থিত বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আদেশ প্রাপ্ত হলে।
(ছ) কোস্ট গার্ডের জাহাজ বিদেশের পোতাশ্রয়ে অবস্থানকালীন।

## ০১০৫। Secondment Appointment

কোস্ট গার্ডের পোষাকধারী কোন সদস্য যদি Secondment Appointment এ অন্য কোন বাহিনীতে যোগদান করেন, সেক্ষেত্রে উক্ত বাহিনীর পোষাক নির্দেশিকা/নীতিমালা সংশ্লিষ্ট ব্যক্তির জন্য প্রযোজ্য হবে। তবে কোন বেসামরিক প্রতিষ্ঠানে যোগদান করলে অত্র নির্দেশিকা অনুযায়ী পোষাক পরিধান করবেন।

## ০১০৬। অবসরপ্রাপ্ত, জরুরী ও সংরক্ষিত তালিকাভূক্ত অফিসারগণের পোষাক পরিধান

(ক) অবসরপ্রাপ্ত অথবা অব্যহতিপ্রাপ্ত অফিসারবৃন্দ বিশেষ অনুষ্ঠান যেমন, পুনর্মিলনী, কমিশনিং ডে, রেইজিং ডে এবং অন্যান্য স্থানীয় অনুষ্ঠানাদিতে আমন্ত্রিত হলে কর্তৃপক্ষের নির্দেশনানুযায়ী পোষাক পরিধান করতে পারবেন। তবে সে সময় অবসর/অব্যহতি প্রাপ্তির প্রমাণাদি সাথে বহন করতে হবে। তবে কোন ধরণের রাজনৈতিক সভা-সমাবেশে পোষাক পরিধান নিষিদ্ধ।

(খ) চারিত্রিক স্খলনজনিত কারণে অব্যহতি বা বরখাস্তকৃত কোন কর্মকর্তা পোষাক পরিধানযোগ্য বলে বিবেচিত হবে না।

## ০১০৭। অবসরপ্রাপ্ত/অব্যহতিপ্রাপ্ত নাবিকদের পোষাক পরিধান

(ক) অবসরপ্রাপ্ত অথবা অব্যহতিপ্রাপ্ত নাবিকবৃন্দ বিশেষ অনুষ্ঠান যেমন, পুনর্মিলনী, কমিশনিং ডে, রেইজিং ডে এবং অন্যান্য স্থানীয় অনুষ্ঠানাদিতে আমন্ত্রিত হলে কর্তৃপক্ষের নির্দেশনানুযায়ী পোষাক পরিধান করতে পারবেন। তবে সে সময় অবসর/অব্যহতি প্রাপ্তির প্রমাণাদি সাথে বহন করতে হবে। তবে কোন ধরণের রাজনৈতিক সভা-সমাবেশে পোষাক পরিধান নিষিদ্ধ।

(খ) চারিত্রিক স্খলনজনিত কারণে অব্যহতি বা বরখাস্তকৃত কোন নাবিক পোষাক পরিধানযোগ্য বলে বিবেচিত হবে না।

## ০১০৮। অফিসার এবং নাবিকগণ কর্তৃক সিভিল পোষাক পরিধান

(১) অফিসারগণ এবং নাবিকগণ কর্মকালীন সময় ব্যতীত বা কর্তৃপক্ষ নির্দেশিত সময় ব্যতিত অন্যান্য সময়ে সিভিল পোষাক পরিধান করতে পারবেন।

(২) কর্তব্যকালীন সময় ব্যতিত অন্যান্য সময়ে এবং ছুটিতে গমন কালে নাবিকগণ মার্জিত সিভিল পোষাক পরিধান করবেন।

(৩) সামরিক পোষাকের দৃশ্যমান সামগ্রী সিভিল পোষাকে ব্যবহারযোগ্য নয়।

## ০১০৯। শোক ব্যান্ড/ব্যাজ পরিধান

বাহিনীর আয়োজিত অথবা রাষ্ট্রীয় শোক অনুষ্ঠানে কর্মকর্তা এবং নাবিকগণ কতৃপক্ষের নির্দেশনা অনুযায়ী শোক ব্যান্ড (Mourning band)/ব্যাজ পোষাকের সাথে পরিধান করতে পারবেন।

## ০১১০। স্বর্ণালঙ্কার/হাতঘড়ি

(ক) স্বর্নের চেইন এবং মনোহারী সামগ্রী বা অলংকার পোষাকের বাইরে দৃশ্যমান অবস্থায় পরিধান করা যাবে না। তবে শুধুমাত্র একটি এন্‌গেজমেন্ট রিং অথবা একটি সাধারণ আংটি পরিধান করা যেতে পারে। সার্ভিসের নেকটাই এর সাথে টাই পিন ব্যতীত অন্য কোন পিন, রিং বা অন্যান্য অলংকার ব্যবহার করা যাবে না।

(খ) মহিলা অফিসারগণ এবং এএফএনএস অফিসারগণ (প্রযোজ্য ক্ষেত্রে) যখন সামরিক পোষাকে থাকবেন তখন যে কোন ধরণের ভারি বা ঝুলানো অলংকার, কানের দুল, ব্রেসলেট, নাকফুল, চুড়ি ইত্যাদি ব্যবহার হতে বিরত থাকবেন; তবে তাঁরা শুধুমাত্র শাঁখা (হিন্দু ধর্মাবলম্বীদের জন্য), হালকা কানের দুল বা কানের টপ পোষাকের সাথে পরিধান করতে পারবেন।

(গ) কর্মকর্তা বা নাবিকগণ পোষাকের সাথে হাতঘড়ি পরিধান করতে পারবেন। তবে প্যারেড বা কোন কুচকাওয়াজে পোষাকের সাথে কোন প্রকার ঘড়ি বা ব্রেসলেট বা চুড়ি পড়া সম্পুর্নভাবে নিষিদ্ধ।

## ০১১১। অননুমোদিত পোষাক/পোষাক সামগ্রী

(ক) মিশ্র ইউনিফর্ম যেমন, সমর পোষাকের শার্টের সাথে কর্মকালীন পোষাকের ট্রাউজার পরিধান, ইউনিফর্মের সংশ্লিষ্ট সামগ্রী সিভিল পোষাকের সাথে পরিধান ইত্যাদি ।

(খ) ডিভিশন এবং অন্যান্য আনুষ্ঠানিকতায় মাফলার ব্যবহার।

(গ) অনুচ্ছেদ ০১১০ এ বর্ণিত নিষিদ্ধ অলংকার ও অন্যান্য সামগ্রী।

(ঘ) সরবরাহকৃত ইউনিফর্ম সামগ্রী যেমন জুতা, মোজা, বেল্ট ইত্যাদি ব্যতীত অন্য কোন ধরনের সামগ্রী পরিধান করা।

(ঙ) অননুমোদিত প্রতীক (Emblem) অথবা মেডেল অথবা ইনসিগনিয়া ইত্যাদি পরিধান করা।

(চ) অত্র পোষাক নির্দেশিকায় বর্ণিত পোষাক ব্যতিত অন্য কোন পোষাক বা এর অংশ বিশেষ ।

## ০১১২ । অন্যান্য

গার্ড (Guard), সেন্ট্রী (Sentry), এস্কর্ট (Escort), কন্টিনজেন্ট (Contingent), বোর্ডিং পার্টি (Boarding Party), ল্যান্ডিং পার্টি (Landing Party), মাসকেট্রি (Musketry) ইত্যাদি ডিউটিতে যোগদানকালীন সময়ের পোষাক নৌ বাহিনীর গানারী বিআর-১৮৩৪ অথবা কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নির্ধারিত হবে।

## ০১১৩-০১৫০। অনির্ধারিত

# সেকশন-১

# কর্মকর্তাগণের পোষাক

## পোষাক নং ১

### আনুষ্ঠানিক পোষাক (Ceremonial Dress) ঃ

- ক্যাপ পিক্ড
- মিড নাইট ব্লু কাপড়ের ফুল স্লিভ বুশ শার্ট
- মিড নাইট ব্লু কাপড়ের ট্রাউজার
- কোস্ট গার্ড সাইন (বাম বাহুতে)
- বেল্ট নীল
- সোল্ডার ষ্ট্র্যাপ্স/এ্যাপুলেট (পদবী অনুযায়ী)
- কালো অক্সফোর্ড জুতা
- মোজা কালো
- ডেকোরেশন্স ও মেডেল্স/রিবন্স
- নেম প্লেট
- স্কার্ফ (শুধুমাত্র প্যারেড কমান্ডার, কলাম/প্লাটুন কমান্ডার এবং ওওজি গণের জন্য)
- চেষ্ট ব্যাজেজ।
- জর্জেট প্যাচেস (ক্যাপ্টেন এবং তদুর্ধ)

### পরিধানের উপলক্ষ্য ঃ

- ডিভিশনে, রাষ্ট্রীয় অনুষ্ঠানে, বাহিনীর নিজস্ব অনুষ্ঠানে, দিনের বেলায় কোন সরকারী অনুষ্ঠান অথবা মধ্যাহ্ন ভোজে যেখানে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন, মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী অথবা রাষ্ট্রীয় ভিআইপিগণের সংবর্ধনা অনুষ্ঠানে, রাষ্ট্রীয় অথবা বৈদেশিক ভিআইপিগণের সাথে ফরমাল আনুষ্ঠানিকতা বিনিময়কালে।
- কোর্ট মার্শাল, অন্তেষ্টিক্রিয়া, শবযাত্রা ইত্যাদি চলাকালে।
- মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী অথবা সামরিক/আধাসামরিক বাহিনী প্রধান কর্তৃক প্যারেড, ঘাঁটি/জাহাজ পরিদর্শনকালে।
- মহাপরিচালক/আঞ্চলিক কমান্ডারগণের আদেশে অন্যান্য যে কোন অনুষ্ঠানে।








**নোট ঃ**

১। জর্জেট প্যাচেস শুধুমাত্র ক্যাপ্টেন এবং তদুর্ধ্ব পদবীর কর্মকর্তাগণ পরিধান করবেন।

২। মহাপরিচালক উক্ত পোষাকের সাথে ডান পার্শ্বে অনুষ্ঠানভেদে ইগ্‌লেট পরিধান করবেন।

৩। মহাপরিচালকের সচিব, মহাপরিচালকের সহকারী সচিব, ফ্যাগ লেফটেন্যান্ট উক্ত পোষাকের সাথে বাম পার্শ্বে অনুষ্ঠানভেদে ইগ্‌লেট পরিধান করবেন।

৪। শুধুমাত্র মহাপরিচালকের সচিব, মহাপরিচালকের সহকারী সচিব, ফ্যাগ লেফটেন্যান্ট, সিজিপিএম এবং সহকারী সিজিপিএম উক্ত পোষাকের সাথে সর্বদা বাহু বন্ধনী (আর্ম ব্যাজ) পরিধান করবেন।

৫। সেমি সিরিমোনিয়াল অনুষ্ঠানে অথবা কর্তৃপক্ষের নির্দেশে সিরিমোনিয়াল পোষাকের সাথে মেডেলের পরিবর্তে রিবন পরিধান করা যাবে।

**সাবস্টিটিউট পোষাক ঃ**

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | আনুষ্ঠানিক পোষাক (এসডি) |
| নৌ বাহিনী | ঃ | ১/ ২ নং পোষাক / ফুল বুশ |
| বিমান বাহিনী | ঃ | আনুষ্ঠানিক পোষাক (শীত/গরম) |

## পোষাক নং ২

### হাফ বুশ (কর্মকালীন পোষাক) ঃ



- ক্যাপ পিক্ড
- মিড নাইট ব্লু কাপড়ের হাফ বুশ শার্ট
- মিড নাইট ব্লু কাপড়ের ট্রাউজার
- কোস্ট গার্ড সাইন (বাম বাহুতে)
- বেল্ট নীল
- সোল্ডার ষ্ট্র্যাপ্‌স/এ্যাপুলেট (পদবী অনুযায়ী)
- কালো অক্সফোর্ড জুতা
- মোজা কালো
- রিবন্‌স
- নেম প্লেট
- চেষ্ট ব্যাজেজ
- জর্জেট প্যাচেস (ক্যাপ্টেন এবং তদুর্ধ)

### পরিধানের উপলক্ষ্য ঃ

- কমান্ডার এবং তদুর্ধ পদবীর কর্মকর্তাগণ কর্তব্যকালীন পোষাক হিসেবে ৩ নং পোষাকের পরিবর্তে পরিধান করতে পারবেন।
- সার্ভিসের অথবা আন্তবাহিনীর যে কোন ফরমাল অনুষ্ঠানে কর্তৃপক্ষের আদেশবলে পরিধানযোগ্য।





## নোট ঃ

১। জর্জেট প্যাচেস শুধুমাত্র কাপ্টেন এবং তদুর্ধ্ব পদবীর কর্মকর্তাগণ পরিধান করবেন।

২। শুধুমাত্র মহাপরিচালকের সচিব, মহাপরিচালকের সহকারী সচিব, ফ্যাগ লেফটেন্যান্ট, সিজিপিএম এবং সহকারী সিজিপিএম উক্ত পোষাকের সাথে সর্বদা বাহু বন্ধনী (আর্ম ব্যাজ) পরিধান করবেন।

৩। অন্যান্য পদবীর ক্ষেত্রে শুধুমাত্র মহাপরিচালকের সহকারী সচিব, ফ্যাগ লেফটেন্যান্ট এবং সিজিপিএম এম এই পোষাক পরিধান করবেন।

## সাবস্টিটিউট পোষাক ঃ

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | কর্মকালীন পোষাক (Working dress) |
| নৌ বাহিনী | ঃ | হাফ বুশ |
| বিমান বাহিনী | ঃ | অর্ন্তবর্তীকালীন কার্যদিবস পোষাক |

# পোষাক নং ৩

## কর্ম কালীন পোষাক (Working Dress) ঃ

- ক্যাপ পিক্‌ড/ক্যাপ জকি
- সাদা শার্ট (হাফ স্লিভ)
- ডীপ নেভী ব্লু কাপড়ের ট্রাউজার
- কোস্ট গার্ড সাইন (বাম বাহুতে)
- বেল্ট নীল
- এ্যাপুলেট (পদবী অনুযায়ী)
- কালো অক্সফোর্ড জুতা
- মোজা কালো
- রিবন্‌স
- নেম প্লেট
- চেষ্ট ব্যাজেজ
- জর্জেট প্যাচেস (ক্যাপ্টেন এবং তদুর্ধ)
- উলেন জার্সি ব্লু/ ব্লু জ্যাকেট (শীতকালে পরিধেয়)



## পরিধানের উপলক্ষ্য ঃ

- গ্রীষ্মকালে স্বাভাবিক কর্মকালীন সময়ে পরিধানযোগ্য।
- যে কোন অনুষ্ঠানে কর্তৃপক্ষের আদেশবলে পরিধানযোগ্য।





**নোট ঃ**

১। কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে পিক ক্যাপ এর পরিবর্তে জকি ক্যাপ পরিধান করা যেতে পারে।

২। আদেশক্রমে বুট ডিএমএস পরিধানযোগ্য।

৩। স্কর্ট/ডিউটি পার্সন শার্টের উপরে প্রয়োজন অনুযায়ী কোস্টগার্ড জ্যাকেট/সারকোট পরিধান করতে পারবে।

৪। কোস্টগার্ড জ্যাকেট এর সাথে র‌্যাংক ব্যাজ, সোল্ডার ফ্ল্যাপ/স্লীপ- অন সোল্ডার স্ট্র্যাপ্স, চেষ্ট ব্যাজ ইত্যাদি সাদা শার্টের মত পরিধানযোগ্য।

৫। মহিলা কর্মকর্তাগণ শার্ট টাগ ইন না করে ছেড়ে দিয়ে পরিধান করবেন।

**সাবস্টিটিউট পোষাক ঃ**

সেনাবাহিনী ঃ কর্মকালীন পোষাক (Working dress)
নৌ বাহিনী ঃ ৩ নং পোষাক
বিমান বাহিনী ঃ কার্যদিবস পোষাক

## পোষাক নং ৪

**সমর পোষাক (Action Dress) ঃ**




- ক্যাপ জকি/পিক্‌ড ক্যাপ
- মিড নাইট ব্লু কাপড়ের ফুল স্লিভ শার্ট
- মিড নাইট ব্লু কাপড়ের ট্রাউজার
- কোস্ট গার্ড সাইন (বাম বাহুতে)
- বেল্ট নীল
- সোল্ডার ফ্ল্যাপ/ এ্যাপুলেট
- কালো অক্সফোর্ড জুতা
- মোজা কালো
- রিবনের পরিবর্তে 'বাংলাদেশ কোস্ট' গার্ড লিখা সম্বলিত ব্লু কাপড়ের ট্যাগ
- ব্লু কাপড়ের নেম ট্যাগ (বাংলা ও ইংলিশ)
- জর্জেট প্যাচেস (ক্যাপ্টেন এবং তদুর্ধ)
- উলেন জার্সি ব্লু/ ব্লু জ্যাকেট (শীতকালে পরিধেয়)
- চেষ্ট ব্যাজেজ (শুধুমাত্র কাপড়/চামড়া/রেক্সিনের)

**পরিধানের উপলক্ষ্য ঃ**

- নদীতে বা সমুদ্রে অবস্থানকালীন ওয়ার্কিং ড্রেস হিসাবে পরিধানযোগ্য।
- কন্টিনজেন্ট, বোর্ডিং/ ল্যান্ডিং পার্টি, মাসকেট্রি এবং অন্যান্য অপারশনাল দায়িত্ব ইত্যাদি পালনকালে।
- বোর্ডিং/ ল্যান্ডিং পার্টি, টহল এবং সকল অপারেশনাল দায়িত্ব পালনকালে কালো অক্সফোর্ড জুতার পরিবর্তে বুট ডিএমএস পরিধান করতে হবে।
- ঘাঁটিতে বা জাহাজ পোতাশ্রয়ে থাকাকালীন এই পোষাক পরিধানের সময় শার্ট অবশ্যই টাগড্ ইন করতে হবে।
- অন্য যে কোন সময়ে মহাপরিচালক/আঞ্চলিক কমান্ডারগণের আদেশ প্রাপ্ত হলে।





**নোট ঃ**

১। আদেশ স্বাপেক্ষে এই ড্রেসের সাথে ক্যাপ পিক্‌ড, ওয়েব বেল্ট, বুট ডিএমএস ও এ্যাংলেট পরিধানযোগ্য।

২। সমুদ্রে/নদীতে অবস্থানকালে অথবা ষ্টেশনে, আউটপোষ্ট বা টহল পোষ্টে ডিউটিকালীন সময়ে এ পোষাকের সাথে জকি ক্যাপ পরিধান করা যাবে।

৩। এই পোষাকের সাথে কোন প্রকারের ধাতব চেষ্ট ব্যাজ/ পোষাক সামগ্রী পরিধান করা যাবে না (বেল্ট বাকল ব্যতীত)।

৪। কর্মকালীন সময়ে/কর্তৃপক্ষের আদেশে হাতা গুটানো যাবে অন্যথায় সর্বদা ফুল হাতা থাকবে।

৫। নেম ট্যাগের ডান পার্শ্বে উপরের কোণায় রক্তের গ্রুপ লেখা থাকবে।

৬। মহিলা কর্মকর্তাগণ শার্ট টাগ ইন না করে ছেড়ে দিয়ে পরিধান করবেন।

**সাবস্টিটিউট পোষাক ঃ**

সেনাবাহিনী ঃ কমব্যাট ইউনিফর্ম
নৌ বাহিনী ঃ ৪ নং পোষাক
বিমান বাহিনী ঃ কমব্যাট ইউনিফর্ম/ফ্লাইং ওভারঅল

# কোস্ট গার্ড-এ কর্মরত কর্মকর্তাগণ কর্তৃক ব্যবহারযোগ্য মাতৃবাহিনী/নৌ বাহিনীর পোষাক সামগ্রী

## সার্ভিস ড্রেস ব্ল্যাক (৮ নং ড্রেস)ঃ

- ক্যাপ পিক্ড (কোষ্টগার্ড ক্যাপ ব্যাজসহ)
- কালো জ্যাকেট/ কোট
- সাদা শার্ট (ফুল হাতা)
- কালো ট্রাউজার
- কালো নেক টাই
- বেল্ট নীল
- স্ট্র্যাপস অন স্লিভস্
- মোজা কালো
- কালো অক্সফোর্ড জুতা
- ডেকোরেশন্স ও মেডেল্স/রিবন্স (আদেশক্রমে)
- নেম প্লেট
- কোস্ট গার্ড সাইন (বাম বাহুতে)
- চেস্ট ব্যাজেজ
- জর্জেট প্যাচেস (ক্যাপ্টেন এবং তদুর্ধ্ব)



## পরিধানের উপলক্ষ্য ঃ

- শীত কালে কর্ম কালীন পোষাক হিসাবে পরিধানযোগ্য।
- রাষ্ট্রীয়, জাতীয়, সামরিক/আধাসামরিক বাহিনীর অনুষ্ঠানে যখন বর্ণিত পোষাক পরিধান নির্দেশিত হয়।
- কোস্টগার্ডের যে কোন ফরমাল অনুষ্ঠানে উক্ত পোষাক পরিধান নির্দেশিত হলে।





## নোট ঃ

১। শুধুমাত্র মহাপরিচালক উক্ত পোষাকের সাথে ডান পার্শ্বে অনুষ্ঠানভেদে ইগ্‌লেট পরিধান করবেন।

২। মহাপরিচালকের সচিব, সহকারী সচিব এবং ফ্ল্যাগ লেফটেন্যান্ট উক্ত পোষাকের সাথে বাম পার্শ্বে অনুষ্ঠানভেদে ইগ্‌লেট পরিধান করবেন।

৩। দেশে গ্রীষ্মকালীন অথবা গরম আবহাওয়ায় সার্ভিস ড্রেস ব্ল্যাক পরিধান করা যাবে না। তবে বিদেশে (ঠান্ডা আবহাওয়াতে) এই পোষাক কর্মকালীন পোষাক হিসাবে পরিধান করা যাবে।

৪। ধাতব বোতাম সমূহ কোস্টগার্ডের মনোগ্রাম খচিত হবে।

৫। শুধুমাত্র মহাপরিচালকের সচিব, মহাপরিচালকের সহকারী সচিব, ফ্ল্যাগ লেফটেন্যান্ট, সিজিপিএম এবং সহকারী সিজিপিএম উক্ত পোষাকের সাথে বাহু বন্ধনী (আর্ম ব্যাজ) পরিধান করতে পারবেন।

## সাবস্টিটিউট পোষাক ঃ

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | শীতকালীন কর্মদিবস পোষাক |
| নৌ বাহিনী | ঃ | ৮ নং পোষাক (সার্ভিস ড্রেস ব্ল্যাক) |
| বিমান বাহিনী | ঃ | শীতকালীন কর্মদিবস পোষাক |

## মেস ড্রেস সাদা ঃ

- ক্যাপ পিক্‌ড
- সাদা মেস জ্যাকেট
- সাদা ওয়েস্ট কোর্ট
- সাদা শার্ট (লং স্লিভ)
- সোল্ডার ষ্ট্র্যাপ্‌স/ এপুলেট (পদবী অনুযায়ী)
- কালো বো টাই
- কালো ট্রাউজার
- মোজা কালো
- কালো অক্সফোর্ড জুতা
- মিনিয়েচার ডেকোরেশন্‌স এবং মেডেল্‌স
- কোষ্টগার্ড সাইন (বাম বাহুতে)
- নেম প্লেট
- চেষ্ট ব্যাজেজ
- জর্জেট প্যাচেস (ক্যাপ্টেন ও তদুর্ধ্ব)



## পরিধানের উপলক্ষ্য ঃ

- রাষ্ট্রীয়, জাতীয়, সামরিক এবং আধাসামরিক বাহিনী কর্তৃক আয়োজিত নৈশ ভোজে যেখানে বর্ণিত পোষাক পরিধানের জন্য নির্দেশনা প্রদান করা হবে।
- দেশী/ বিদেশী জাহাজে, পেতাশ্রয়ে অথবা সমুদ্রে নৈশ ভোজে যেখানে এ পোষাক পরিধান নির্দেশিত হবে।
- সশস্ত্র বাহিনীর ফ্ল্যাগ র‌্যাংক অফিসারগণের ডিনার অনুষ্ঠানে।
- অফিসিয়াল ডিনার এবং ইভিনিং ফেয়ারওয়েল ডিনার/ রিসিপশন অনুষ্ঠানে।
- মেস/গেষ্ট নাইট অনুষ্ঠানে।
- রাষ্ট্রপতি/প্রধানমন্ত্রীর বাসভবনে নৈশ ভোজ অনুষ্ঠানে।
- অন্য যে কোন ফরমাল নৈশ ভোজ যেখানে এ পোষাক পরিধান নির্দেশিত হবে।





## নোট ঃ

১। ব্যক্তিগত অথবা বেসরকারী কোন অনুষ্ঠানে কর্তৃপক্ষের আদেশ ব্যতীত এই পোষাক পরিধান করা যাবে না।

২। চেষ্ট ব্যাজ সমূহ সার্ভিস ড্রেস ব্ল্যাক এর মত পরিধান করতে হবে।

৩। ধাতব বোতাম সমূহ কোস্ট গার্ডের মনোগ্রাম খচিত হবে।

## সাবস্টিটিউট পোষাক ঃ

সেনাবাহিনী ঃ মেস কিট
নৌ বাহিনী ঃ মেস ড্রেস সাদা
বিমান বাহিনী ঃ মেস কিট

## মেস আন ড্রেস ঃ



- ক্যাপ পিক্‌ড
- সাদা মেস জ্যাকেট
- কালো কোমর বন্ধ
- সাদা শার্ট (লং স্লিভ)
- সোল্ডার স্ট্র্যাপ্‌স (পদবী অনুযায়ী)
- কালো বো টাই
- কালো ট্রাউজার
- মোজা কালো
- কালো অক্সফোর্ড জুতা
- মিনিয়েচার ডেকোরেশন্‌স এবং মেডেল
- কোস্ট গার্ড সাইন (বাম বাহুতে)
- নেম ট্যালি বা প্লেট
- চেষ্ট ব্যাজেজ
- জর্জেট প্যাচেস (ক্যাপ্টেন এবং তদুর্ধ্ব)

## নোট ঃ

মেস ড্রেস সাদার জন্য উল্লেখিত নোট সমূহ।

## সাবস্টিটিউট পোষাক ঃ

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | মেস কিট |
| নৌ বাহিনী | ঃ | মেস আন ড্রেস |
| বিমান বাহিনী | ঃ | মেস কিট |

## রেড সী রিগ ঃ

- ক্যাপ পিক্ড
- সাদা শার্ট (হাফ স্লিভ)
- কালো ট্রাউজার
- কোমর বন্ধ
- কোষ্টগার্ড সাইন (বাম বাহুতে)
- সোল্ডার ষ্ট্রাপ্স/ এপুলেট (পদবী অনুযায়ী)
- কালো অক্সফোর্ড জুতা
- মোজা কালো
- রিবন্স ও ডেকোরেশন্স
- নেম প্লেট
- জার্সি/ জ্যাকেট (শীতকালে পরিধেয়)
- জর্জেট প্যাচেস (ক্যাপ্টেন এবং তদুর্ধ)
- চেষ্ট ব্যাজেজ
- উলেন জার্সি ব্লু (শীতকালে পরিধেয়)



## পরিধানের উপলক্ষ্য ঃ

- সাধারনভাবে এটি নৈশ কর্মকালীন পোষাক হিসাবে ব্যবহৃত হবে।
- রাষ্ট্রীয়, জাতীয়, সামরিক/ আধাসামরিক বাহিনী কর্তৃক আয়োজিত নৈশকালীন অনুষ্ঠানে যেখানে বর্ণিত পোষাক পরিধানের জন্য নির্দেশনা প্রদান করা হবে।
- দেশী অথবা বিদেশী জাহাজে, পেতাশ্রয়ে অথবা সমুদ্রে নৈশকালীন অনুষ্ঠানে, যেখানে এ পোষাক পরিধান নির্দেশিত হবে।
- অফিসিয়াল ডিনার এবং ইভিনিং ফেয়ারওয়েল ডিনার/রিসিপশন অনুষ্ঠানে যখন এই পোষাক নির্দেশিত হবে।
- গেষ্ট নাইট এ বর্ণিত পোষাক পরিধান নির্দেশিত হলে।
- ফরমাল অনুষ্ঠানে যেখানে এ পোষাক পরিধান নির্দেশিত হবে।





**নোট ঃ**

১। এই পোষাকের সাথে কর্মকালীন পোষাকের ন্যায় নেইম প্লেট এবং অন্যান্য চেষ্ট ব্যাজেজ পরিধান করতে হবে।

২। জার্সি/ জ্যাকেট পরিধান করলে নেম ট্যালি, চেষ্ট ব্যাজেজ ইত্যাদি জার্সির/ জ্যাকেটের সাথে পরিধানযোগ্য।

**সাবস্টিটিউট পোষাক ঃ**

সেনাবাহিনী ঃ নাই
নৌ বাহিনী ঃ রেড সী রীগ
বিমান বাহিনী ঃ নাই

# সেকশন-২
# সিভিল (বেসামরিক) পোষাক



## ১। ফরমাল সিভিল পোষাক/ লাউঞ্জ স্যুট ঃ

- মার্জিত রং এর লাউঞ্জ স্যুট, ফরমাল স্যু, মোজা (ম্যাচিং), নেক টাই এবং কোমরের বেল্ট (মানানসই)।
- লেডি অফিসারদের ক্ষেত্রে, রুচিসম্মত শাড়ি (হালকা অলংকারাদি সহ) যার ওপরে জ্যাকেট পরিধান করতে হবে।

## পরিধানের উপলক্ষ্য ঃ

- রাষ্ট্রীয়, সামরিক এবং বেসামরিক কোন ফর্মাল, রিসিপশন লাঞ্চ অথবা ডিনার অনুষ্ঠানে যেখানে ইউনিফর্ম পরিধান করা যাবে না।
- কর্তৃপক্ষ কর্তৃক যখন এই পোষাক পরিধান নির্দেশিত হবে।

## সাবস্টিটিউট পোষাক ঃ

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | লাউঞ্জ স্যুট |
| নৌ বাহিনী | ঃ | লাউঞ্জ স্যুট |
| বিমান বাহিনী | ঃ | লাউঞ্জ স্যুট |



## ড্রেস কম্বিনেশন ঃ

- ক্লোজড কলার ফুল স্লীভ শার্ট (মার্জিত রং এর)। মানানসই ব্লেজার, নেক টাই, ট্রাউজার (কনট্রাস্ট কালার/ভিন্ন রং এর) ফরমাল জুতা, মোজা (ম্যাচিং) এবং কোমরের বেল্ট (মানানসই)।
- লেডি অফিসারদের ক্ষেত্রে রুচিসম্মত শাড়ি (হালকা অলংকারাদি সহ) যার ওপরে জ্যাকেট পরিধান করতে হবে।

## পরিধানের উপলক্ষ্য ঃ

- সামরিক এবং বেসামরিক কোন ফর্মাল, রিসিপশন লাঞ্চ অথবা ডিনার অনুষ্ঠানে যেখানে ইউনিফর্ম পরিধান করা যাবে না।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হলে।

## সাবস্টিটিউট পোষাক ঃ

সেনাবাহিনী ঃ কম্বিনেশন
নৌ বাহিনী ঃ কম্বিনেশন
বিমান বাহিনী ঃ স্যুট কম্বিনেশন





**ড্রেস ক্লোজড কলার ঃ**

- ফুল স্লীভ শার্ট (মার্জিত রং), নেক টাই, ট্রাউজার (কনট্রাস্ট কালার), ফরমাল স্যু, মোজা (ম্যাচিং), কোমরের বেল্ট (মানানসই)।
- লেডি অফিসারদের ক্ষেত্রে রুচিসম্মত শাড়ী (হালকা অলংকারাদি) যার উপরে জ্যাকেট অথবা ব্লেজার পরিধান করতে হবে অথবা সেলোয়ার কামিজ (ফুল বা কোয়ার্টার হাতা, ওড়নাসহ)

**পরিধানের উপলক্ষ্য ঃ**

- রাষ্ট্রীয় অথবা সার্ভিসের কোন সোস্যাল প্রোগ্রাম, ডিনার অথবা অন্য কোন অনুষ্ঠানে।
- কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পরিধান করা যাবে।

**সমমান পোষাক ঃ**

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | ক্লোজড কলার |
| নৌ বাহিনী | ঃ | ক্লোজড কলার |
| বিমান বাহিনী | ঃ | ক্লোজড নেক |



## ড্রেস স্মার্ট ক্যাজুয়াল ঃ

- টাগড্ ইন/টাগড্ আউট ফুল স্লীভ শার্ট, স্মার্ট ট্রাউজার (কনট্রাস্ট কালার), ফরমাল জুতা, ম্যাচিং মোজা এবং কোমরের বেল্ট (মানানসই)
- বাটিক প্রিন্টেড শার্ট, ট্রাউজার, ফরমাল জুতা, ম্যাচিং মোজা এবং কোমরের বেল্ট (মানানসই)
- লেডি অফিসারদের ক্ষেত্রে রুচিসম্মত শাড়ী (হালকা অলংকারাদি) যার উপরে জ্যাকেট অথবা ব্লেজার পরিধান করতে হবে অথবা সেলোয়ার কামিজ (ফুল বা কোয়ার্টার হাতা, ওড়নাসহ)

## পরিধানের উপলক্ষ্য ঃ

- ইনফরমাল অনুষ্ঠান যেমন ক্লাব নাইট, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদিতে পরিধানযোগ্য।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হলে।

## সাবস্টিটিউট পোষাক ঃ

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | স্মার্ট ক্যাজুয়াল |
| নৌ বাহিনী | ঃ | স্মার্ট ক্যাজুয়াল |
| বিমান বাহিনী | ঃ | স্মার্ট ক্যাজুয়াল |





## প্রেয়ার রীগ ঃ

- পাঞ্জাবী (রুচিসম্মত রঙের)
- পায়জামা (মানানসই)
- স্যান্ডেল (মানানসই)
- টুপি (ঐচ্ছিক)

## পরিধানের উপলক্ষ্য ঃ

- ফরমাল অনুষ্ঠান যেমন ঈদের নামাজ, বিশেষ মোনাজাত অনুষ্ঠান ইত্যাদিতে পরিধানযোগ্য।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হলে।

## সাবস্টিটিউট পোষাক ঃ

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | প্রেয়ার রীগ |
| নৌ বাহিনী | ঃ | প্রেয়ার রীগ |
| বিমান বাহিনী | ঃ | প্রেয়ার রীগ |

# সেকশন-৩
# নাবিকদের পোষাক

## পোষাক নং ১

### আনুষ্ঠানিক পোষাক (Ceremonial Dress) ঃ

- ক্যাপ পিক্‌ড
- মিড নাইট ব্লু কাপড়ের ফুল স্লিভ বুশ শার্ট
- মিড নাইট ব্লু কাপড়ের ট্রাউজার
- কোস্ট গার্ড সাইন (বাম বাহুতে)
- বেল্ট নীল
- সোল্ডার স্ট্র্যাপ্‌স/ এ্যাপুলেট (জেসিও'স)
- কালো জুতা
- মোজা কালো
- ডেকোরেশনস্‌ এবং মেডেলস্‌
- র‍্যাংক, ট্রেড ব্যাজ ও জিসিবি (পিও এবং তদনিম্ন)
- নেম প্লেট
- চেষ্ট ব্যাজেজ



### পরিধানের উপলক্ষ্য ঃ

- ডিভিশন ও রাষ্ট্রীয় আচার অনুষ্ঠান উপলক্ষ্যে।
- বাহিনীর নিজস্ব অনুষ্ঠান উপলক্ষ্যে।
- দিনের বেলায় কোন সরকারী অনুষ্ঠান অথবা মধ্যাহ্ন ভোজ উপলক্ষ্যে।
- সম্বর্ধনা অনুষ্ঠানে।
- বিশেষ কোন দিনে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী। যেমন, ২১ নভেম্বর, ১৬ই ডিসেম্বর ইত্যাদি দিনে।
- অনুষ্ঠানের গুরুত্ব সাপেক্ষে মহাপরিচালক/আঞ্চলিক কমান্ডারগণের আদেশ প্রাপ্ত হলে।






## নোট ঃ

১। বুট ডিএমএস এবং Gaiters/ এ্যাংলেট্স্ আদেশ অনুযায়ী পরিধানযোগ্য।
২। শুধুমাত্র গার্ড এর ক্ষেত্রে মেডেল এবং চেস্ট বেজেজ হবে না।

## সাবস্টিটিউট পোষাক ঃ

সেনাবাহিনী ঃ আনুষ্ঠানিক পোষাক (কমব্যাট উইথ মেডেল)
নৌ বাহিনী ঃ ১ নং পোষাক
বিমান বাহিনী ঃ আনুষ্ঠানিক পোষাক (গ্রীষ্মকালীন/শীতকালীন)

## পোষাক নং ২ (অনির্ধারিত)

## পোষাক নং ৩

### কর্মকালীন পোষাক **(Working Dress)**

- ক্যাপ পিক্‌ড়/ ক্যাপ জকি
- সাদা শার্ট (হাফ স্লিভ)
- ডীপ নেভী ব্লু কাপড়ের ট্রাউজার
- কোস্টগার্ড সাইন (বাম বাহুতে)
- সোল্ডার স্ট্র্যাপ্‌স (জেসিও'স)
- বেল্ট নীল
- রিবন্‌স ও ডেকোরেশন্‌স
- র‍্যাংক, ট্রেড ব্যাজ ও জিসিবি (পিও এবং তদ্‌নিম্ন)
- নেম প্লেট
- চেষ্ট ব্যাজেজ
- উলেন জার্সি ব্লু/ ব্লু জ্যাকেট (শীতকালে পরিধেয়)
- মোজা কালো
- জুতা কালো



### পরিধানের উপলক্ষ্য ঃ

- স্বাভাবিক কর্মকালীন সময়ে পরিধানযোগ্য।
- যে কোন অনুষ্ঠানে কর্তৃপক্ষের আদেশবলে পরিধানযোগ্য।





**নোটঃ**

১। প্যারেড বা ফরমাল অনুষ্ঠান ব্যতীত অন্যান্য সময়ে পিক ক্যাপের পরিবর্তে ক্যাপ জকি পরিধানযোগ্য।

২। বুট ডিএমএস আদেশবলে পরিধানযোগ্য।

**সাবস্টিটিউট পোষাক ঃ**

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | কর্মকালীন পোষাক (ওয়ার্কিং ড্রেস) |
| নৌ বাহিনী | ঃ | ৩ নং পোষাক |
| বিমান বাহিনী | ঃ | গ্রীষ্মকালীন/শীতকালীন কর্মদিবস পোষাক |

## পোষাক নং ৪

### সমর পোষাক (Action Dress)




- ক্যাপ জকি/ক্যাপ পিক্‌ড
- মিড নাইট ব্লু কাপড়ের ফুল স্লিভ শার্ট
- মিড নাই ব্লু কাপড়ের ট্রাউজার
- বেল্ট নীল
- সোল্ডার ষ্ট্র্যাপ্‌স (জেসিও'স)
- কোস্ট গার্ড সাইন (বাম বাহুতে)
- রিবনের পরিবর্তে 'বাংলাদেশ কোস্ট গার্ড' লিখা সম্বলিত ব্লু কাপড়ের ট্যাগ
- র‍্যাংক, ট্রেড ব্যাজ ও জিসিবি (পিও এবং তদ্‌নিম্ন)
- ব্লু কাপড়ের নেম ট্যাগ (বাংলা ও ইংলিশ) যার ডান পাশের উপরের কানায় রক্তের গ্রুপ লেখা থাকবে।
- মোজা কালো
- কালো জুতা

### পরিধানের উপলক্ষ্যঃ

- নদীতে বা সমুদ্রে অবস্থানকালীন ওয়ার্কিং ড্রেস হিসাবে পরিধানযোগ্য।
- কন্টিনজেন্টের সদস্য হিসেবে দায়িত্ব পালন কালে।
- নিয়মিত টহল প্রদানকালে।
- কন্টিনজেন্টে গমন, বোর্ডিং পার্টি ও টহলের সময় কালে জুতার পরিবর্তে বুট ডিএমএস ও মোটা মোজা পরিধান করতে হবে।
- রাত্রি কালীন সেন্ট্রি এবং ষ্টেশন/ আউটপোষ্ট অথবা টহল পোষ্টে দায়িত্ব পালন কালে।
- অপারেশন এবং জরুরী সময় চলাকালে সুবিধা ও শারিরীক নিরাপত্তার স্বার্থে কোস্ট গার্ড সাইন, রিবন, পদক অথবা অন্য কোন প্রকার কঠিন বা ধাতব ডেকোরেশন সামগ্রী পরিধান করা যাবে না।
- মহাপরিচালক/আঞ্চলিক কমান্ডারগণের আদেশ প্রাপ্ত হলে।






## নোট ঃ

১। আদেশ সাপেক্ষে এই ড্রেসের সাথে ওয়েব বেল্ট, বুট ডিএমএস ও এ্যাংলেট পরিধানযোগ্য।

২। সমুদ্রে অথবা নদীতে অবস্থানকালে অথবা ষ্টেশনে, আউটপোষ্ট বা টহল পোষ্টে ডিউটিকালীন সময়ে এ পোষাকের সাথে পিক ক্যাপ পরিধান করা যাবে না।

৩। এই পোষাকের সাথে কোন প্রকারের ধাতব চেষ্ট ব্যাজ/ পোষাক সামগ্রী পরিধান করা যাবে না (বেল্ট বাকল ব্যতীত)।

৪। কর্মকালীন সময় কর্তৃপক্ষের আদেশ সাপেক্ষে অন্যথায় সর্বদা ফুল স্লীভ থাকবে।

## সাবস্টিটিউট পোষাক ঃ

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | কমব্যাট পোষাক |
| নৌ বাহিনী | ঃ | ৪ নং পোষাক |
| বিমান বাহিনী | ঃ | কমব্যাট ইউনিফর্ম/ফ্লাইং ওভারঅল |



## পোষাক নং ৫

### খেলাধূলার পোষাক

- সিজি মনোগ্রাম খচিত সাদা স্পোর্টস টি-শার্ট গোল গলা (পিও এবং তদনিম্ন)
- সিজি মনোগ্রাম খচিত সাদা স্পোর্টস টি-শার্ট কলারসহ (জেসিও)
- সাদা লং ট্রাউজার/ ব্লু শর্টস
- সাদা জিম স্যু
- মোজা সাদা (পিও এবং তদুর্ধ)
- মোজা কালো (লিডিং এবং তদনিম্ন)
- ট্র্যাক স্যুট (শীতকালীন)

### পরিধানের উপলক্ষ্য

- খেলাধূলা ও শরীর চর্চার সময় পরিধানযোগ্য।
- কায়িক পরিশ্রমের কোন কাজে পরিধানযোগ্য। (কর্তৃপক্ষের অনুমতি/ আদেশ স্বাপেক্ষে)

### সাবস্টিটিউট পোষাক

| | | |
|---|---|---|
| সেনাবাহিনী | ঃ | পিটি ড্রেস |
| নৌ বাহিনী | ঃ | পিটি রীগ |
| বিমান বাহিনী | ঃ | পিটি ড্রেস |



# কোস্ট গার্ড এ কর্মরত নাবিকদের জন্য নৌ বাহিনীর পোষাক (নৌ বাহিনী হতে প্রাপ্ত)

## সার্ভিস ড্রেস ব্ল্যাক (নং ৮)



- ক্যাপ পিক্ড
- সাদা শার্ট (ফুল স্লীভ)
- কালো ট্রাউজার
- কালো টাই
- বেল্ট নীল (কোষ্ট  গার্ড এর বাকল সহ)
- সোল্ডার ষ্ট্র্যাপ্স/ এ্যাপুলেট (জেসিও'স)
- কালো জ্যাকেট/ কোট
- কোষ্টগার্ড সাইন
- রিবন্স/ মেডেল্ এবং ডেকোরেশন্স (আদেশক্রমে)
- র‍্যাংক, ট্রেড ব্যাজ ও জিসিবি (পিও এবং তদনিম্ন)
- চেষ্ট ব্যাজেজ
- কালো মোজা
- কালো জুতা

## পরিধানের উপলক্ষ্য

- রাষ্ট্রীয়, জাতীয় এবং তিন বাহিনীর অনুষ্ঠানে যেখানে বর্ণিত পোষাক পরিধান নির্দেশিত হবে।
- জেসিওদের জন্য  উক্ত পোষাক পরিধান নির্দেশিত হলে।
- অনুষ্ঠানের গুরুত্ব সাপেক্ষে মহাপরিচালক/ আঞ্চলিক কমান্ডারগণের আদেশ প্রাপ্ত হলে।





## নোট

১। সার্ভিস ড্রেস ব্লাক এর সাথে কর্মকালীন পোষাকে পরিধানযোগ্য অন্যান্য আনুষাঙ্গিক পোষাক সামগ্রী পরিধান করা যাবে।

২। পিও এবং তদনিম্নদের ক্ষেত্রে শুধুমাত্র শীতপ্রধান কোন দেশে গমনকালে এ পোষাক পরিধানযোগ্য।

৩। ধাতব বোতাম সমূহ কোস্ট গার্ডের মনোগ্রাম খচিত হবে।

## সাবস্টিটিউট পোষাক

সেনাবাহিনী ঃ শীতকালীন কর্মদিবস পোষাক
নৌ বাহিনী ঃ ৮ নং পোষাক (সার্ভিস ড্রেস ব্ল্যাক)
বিমান বাহিনী ঃ শীতকালীন কর্মদিবস পোষাক

# সেকশন-৪
## কোস্ট গার্ডে ব্যবহৃত পোষাকের ধরণ, ডিজাইন ও মাপ

## পোষাকের কাপড়ের ধরণ

১। **আনুষ্ঠানিক, হাফ বুশ এবং সমর পোষাক ঃ** মিড নাইট ব্লু রং এর কটন ও পলিস্টার মিশ্রিত কাপড়ের হবে ।

২। **৩ নং পোষাকের সাদা শার্ট ঃ** কটন ও পলিস্টার মিশ্রিত সাদা কাপড়ের হবে ।

৩। **৩ নং পোষাকের ট্রাউজার ঃ** ডীপ নেভী ব্লু রং এর কটন ও পলিস্টার মিশ্রিত কাপড়ের হবে ।

## পোষাকের ডিজাইন ও মাপ

১। **আনুষ্ঠানিক পোষাকের বুশ শার্ট**

(ক) লম্বা, পিছনের হিপের নিম্নাংশ পর্যন্ত।
(খ) নীচের অংশে দুই পার্শ্বে ৮" খোলা থাকবে।
(গ) বুকের দুই পার্শ্বে তিন কোনা ঢাকনা বিশিষ্ট পকেট থাকবে, উপরের পকেটদ্বয়ের মাঝখানে ১.৫" প্লেট হবে।
(ঘ) সম্মুখ ভাগের নীচের অংশে দুইটি তিন কোনা ঢাকনা বিশিষ্ট পকেট থাকবে।
(ঙ) কোমরে কাপড়ের ২" চওড়া বেল্ট ও দুই কাঁটাবিশিষ্ট ধাতব বাকল থাকবে, বাকল রুপালী রং এর হবে।
(চ) কলার, ঢাকনা ও বেল্টের কিনারায় .২৫" বাদ দিয়ে একটি সেলাই হবে।
(ছ) সম্মুখে ৪ টি ৯/১০" ও পকেটের চার ঢাকনায় ১৫/২০" চারটি ধাতব বোতাম হবে (অফিসারদের জন্য)।
(জ) সম্মুখে ৪ টি ৭/৮" ও পকেটের চার ঢাকনায় ১৫/২০" চারটি ধাতব বোতাম হবে (নাবিকদের জন্য)।
(ঝ) হাতের Cuff ২ $^{১}/_{২}$" প্রস্থ, ৯-১০ $^{১}/_{২}$" লম্বা এবং হালকা গোল আকৃতির হবে।
(ঞ) কলারের গোড়ায় কোন বোতাম হবে না।
(ট) ফুল হাতা হবে যার ঝুল হাতের কব্জি ও বৃদ্ধাংগুলির গোড়ার মাঝামাঝি হবে।

২। **ট্রাউজার**

(ক) লম্বা নাভীর উপরিভাগ হতে পায়ের জুতার ফিতা আবৃত অবস্থায় হবে ।
(খ) কোমরের পট্টি ১.৫" চওড়া ও এর উপর ৩/৮" চওড়া ৮ টি লুপ হবে।
(গ) দুই পার্শ্বে সেলাই বরাবর দুইটি পকেট হবে।
(ঘ) পায়ের নীচে ঢোলা ১৭-২০" ও ভিতরের দিকে ২" মুড়িয়ে সেলাই হবে।
(ঙ) সম্মুখে উভয় পার্শ্বে একটি করে কুচি হবে।

## কর্মকালীন পোষাক (Working dress)

১। হাফ বুশ শার্ট

উক্ত পোষাকের বিনির্দেশ আনুষ্ঠানিক পোষাকের মতই হবে, তবে হাফ হাতা হবে।

২। পোষাক নং ৩ এর সাদা শার্ট

(ক) লম্বা কাঁধ হতে হিপের নিম্নাংশ পর্যন্ত হবে।
(খ) হাফ হাতা হবে যা হাতের কনুই এর উপরিভাগ পর্যন্ত লম্বা হবে এবং ১৬-১৮" ঢোলা ও ১.৫" মুড়িয়ে সেলাই হবে।
(গ) পকেট লম্বা ৫" এবং চওড়া উপরের অংশে ৪.২৫" ও নীচের অংশে ৪.৭৫" হবে।
(ঘ) পকেটের ফ্ল্যাপ তিন কোন বিশিষ্ট এবং দুই পাশে ১.৫" ও মধ্যভাবে ২.৫" চওড়া হবে।
(ঙ) পকেটের নিম্নাংশ দুই কোনার গোলাকৃতি কিনারায় একটি সেলাই ও ফ্ল্যাপের উপরিভাগ .২৫" দুরত্বে একটি সেলাই হবে।
(চ) ফ্ল্যাপের দুই পাশে ও পকেটের নিম্নাংশ কোনায় একটি সেলাই ও বোতাম লাগানোর জন্য একটি বোতামের ঘর হবে।
(ছ) শার্টের গলার বোতাম থেকে শুরু করে নাভীর ১" নীচ পর্যন্ত- পাঁচটি বোতাম হবে এবং কলারের পট্টির ৩.৫" পর হতে বোতাম হবে।
(জ) শার্টের নীচের অংশ .২৫" মুড়িয়ে সেলাই হবে।
(ঝ) শার্টের কাঁধের পট্টির দুই মাথার অংশ ২.৫" হতে ৩" চওড়া হবে।
(ঞ) শার্টের সম্মুখে ও পকেটে প্লেট হবে।
(ট) শার্টের কাঁধে শুধুমাত্র জেসিও এবং অফিসারদের জন্য ২টি লুপ হবে।

৩। **পোষাক নং ৩ এর ট্রাউজার**

(ক) লম্বা নাভীর উপরিভাগ হতে পায়ের জুতার ফিতা আবৃত অবস্থায় পর্যন্ত হবে ।

(খ) কোমরের পট্টি ১.৫" চওড়া ও উহার উপর ৩/৮" চওড়া ৮ টি লুপ হবে।

(গ) পকেট, দুই পাশে সেলাই বরাবর দুইটি ও পিছনের ডান দিকে একটি হবে।

(ঘ) পায়ের নীচে ঢোলা ১৭-২০" ও ভিতরের দিকে ২" মুড়িয়ে সেলাই হবে।

(ঙ) সম্মুখে উভয় পার্শ্বে একটি করে কুচি হবে ও কোমরের পট্টির মাথা বাড়তি হবে।

## সমর পোষাক (Action Rig)

১। **শার্ট**

(ক) লম্বা, কাঁধ হতে হিপের নিম্নাংশ পর্যন্ত হবে।

(খ) ফুল হাতা হবে, যার ঝুল হাতের কব্জি ও বৃদ্ধাংগুলির গোড়ার মাঝামাঝি হবে।

(গ) হাতের Cuff ২১/২" প্রস্থ, ৯-১০১/২" লম্বা এবং চার কোনা বিশিষ্ট হবে।

(ঘ) বুকের পেটের ভিতর পার্শ্বে ২.৫" চওড়া পট্টি হবে যার ভিতর পার্শ্বে ৫ টি বোতাম থাকবে। কলারের হতে ৩" নীচে ভিতরের প্লেট বসবে।

(ঙ) বুকে দুই পার্শ্বে দুইটি চার কোনা ঢাকনা যুক্ত পকেট থাকবে যার পার্শ্ব ৫" এবং লম্বা ৬.৫" হবে। ঢাকনার মাপ ৫"X২১/২" হবে।

(চ) কাঁধে ও হাতা চওড়ায় সাইডে এবং হাতের পিছন সাইডে ডবল সেলাই হবে।

(ছ) শার্টের কাঁধে শুধুমাত্র অফিসার ও জেসিওদের র‍্যাংক ব্যাজের জন্য লুপ হবে।

২। **ট্রাউজার**

(ক) লম্বা নাভীর উপরিভাগ হতে পায়ের জুতার ফিতা পর্যন্ত আবৃত অবস্থায় হবে।

(খ) কোমরের পট্টি ১.৫" চওড়া হবে এবং কোমরের পট্টি বাড়তি হবে না।

(গ) কোমরের পট্টিতে ৮টি লুপ থাকবে যা লম্বা ২" ও চওড়া ১/২" হবে। পট্টি উপরে ও নীচে সেলাই থাকবে। পট্টির মাথায় বোতাম থাকবে।

(ঘ) ট্রাউজারে চেইন থাকবে এবং ডবল সেলাই হবে।

(ঙ) দুই পার্শ্বে দুইটি ক্রস পকেট এবং পিছনে দুই পার্শ্বে দুইটি ঢাকনা যুক্ত হিপ পকেট হবে। ঢাকনার লম্বা ১৩ সেঃমিঃ প্রস্থ ৬ সেঃমিঃ হবে যা ভেলক্রোযুক্ত হবে।

(চ) পায়ের নীচের ঢোলা ১৮" - ২০" ও ভিতরের দিকে ১" মুড়িয়ে একটি মেশিন সেলাই হবে।

(ছ) পার্শ্বে ও হাইয়ে ডবল সেলাই হবে।

(জ) দুইটি থাই পকেট হবে, যার লম্বা ৯.৫", পার্শ্ব ৯" এবং ঢাকনা থাকবে। ঢাকনা ২.২৫" চওড়া ভেলক্রোযুক্ত হবে। পকেটের মাঝ বরাবর ১" ডিপ দুইটি প্লেট হবে।

# মেডেল, রিবন, মনোগ্রাম, র‍্যাংক এবং ট্রেড ব্যাজ ও জিসিবি পরিধানের নিয়মাবলী

১। **মেডেল**
মেডেল সমূহ জ্যেষ্ঠতা অনুযায়ী এমনভাবে পরিধান করতে হবে যেন মেডেলের কেন্দ্র বাম পকেটের উপরের প্রান্তের লাইন বরাবর থাকে।

২। **রিবন**
রিবন সমূহ জ্যেষ্ঠতা অনুযায়ী এমনভাবে পরিধান করতে হবে যেন রিবনের নিম্নভাগ বাম পকেটের উপরের প্রান্তের লাইন বরাবর থাকে।

৩। **মনোগ্রাম**
বাম হাতার মুহুরীর সেলাই থেকে ১" নীচে মাঝ বরাবর হবে।

৪। **র‍্যাংক ব্যাজ (আনুষ্ঠানিক পোষাক)**
পিওস এবং নিম্নমানের বুশ কোটের বাম হাতার মাঝ বরাবর মনোগ্রামের ২ মিঃ মিঃ নীচে হবে।

৫। **র‍্যাংক ব্যাজ (কর্মকালীন পোষাক)**
হাফ শার্টের বাম হাতের নীচের সেলাইয়ের উপরে র‍্যাংক ব্যাজের নিম্নপ্রান্তে থাকবে এবং ব্যাজটির হাতার মাঝ বরাবর ইস্ত্রীর ভাঁজের সম্মুখে থাকবে অর্থাৎ র‍্যাংক ব্যাজের ডান প্রান্তের সেলাই হাতার ইস্ত্রীর ভাঁজ বরাবর হবে।

৬। **জিসিবি**
জিসিবি র‍্যাংক ব্যাজের দুই শেষ প্রান্তের ২ মিঃ মিঃ নীচে মাঝ বরাবর হবে।

৭। **ট্রেড ব্যাজ**
হাফ শার্টের হাতের নীচের সেলাইয়ের উপরে ট্রেড ব্যাজের নিম্নভাগ থাকবে এবং ব্যাজটি ডান হাতার মাঝ বরাবর ইস্ত্রি ভাঁজের সম্মুখে থাকবে অর্থাৎ ট্রেড ব্যাজের বাম প্রান্তের সেলাই হাতার ইস্ত্রীর ভাঁজ বরাবর হবে।
ট্রেড ব্যাজটি এমনভাবে পরিধান করতে হবে যেন হাতার মুহুরীর সেলাই হতে ট্রেড ব্যাজটির নিম্নপ্রান্তের দুরত্ব র‍্যাংক ব্যাজের অনরূপ হয়।

৮। **জার্সি**
জার্সির ক্ষেত্রে মনোগ্রাম, র‍্যাংক ও ট্রেড ব্যাজ এবং জিসিবি আনুষ্ঠানিক পোষাকের অনুরূপভাবে পরিধান করতে হবে।

## খেলাধুলা পোষাক (Sports Rig)

১। **কর্মকর্তা**

(ক) কলারসহ পোলো টি শার্ট (শর্ট স্লিভ)।

(খ) রং ঃ তুষার সাদা (স্নো হোয়াইট)।

(গ) কলারের রং ঃ নীল (প্রান্তে চিকন সাদা স্ট্রাইপ)।

(ঘ) সাইজ ঃ বিভিন্ন (প্রয়োজন অনুযায়ী)।

(ঙ) ডিজাইন ঃ অনুমোদিত স্যাম্পল অনুযায়ী।

(চ) বুকের বাম পার্শ্বে কোস্ট গার্ডের মনোগ্রাম এম্ব্রয়েডারী করা থাকবে।

(ছ) কাপড় ঃ ১০০% কটন/ সুতি পোলো কাপড়।

২। **নাবিক**

(ক) গোল গলার গেঞ্জী।

(খ) রং ঃ তুষার সাদা (স্নো হোয়াইট)।

(গ) কাপড় ঃ ১০০% কটন/ সুতি গেঞ্জি কাপড়।

(ঘ) সাইজ ঃ বিভিন্ন (প্রয়োজন অনুযায়ী)।

(ঙ) ডিজাইন ঃ অনুমোদিত স্যাম্পল অনুযায়ী।

(চ) বুকের বাম পার্শ্বে কোস্ট গার্ডের মনোগ্রাম ব্লক প্রিন্ট করা থাকবে।

বাংলাদেশ কোস্ট গার্ড

# সেকশন-৫

# ইউনিফর্ম এর সাথে পরিধানযোগ্য অনুষাঙ্গিক দ্রব্যাদি

# হেড গিয়ার

## ক্যাপ পিক্ড (অফিসার)

কোস্ট গার্ড এ কর্মরত অফিসারগণ নৌ বাহিনী হতে সরবরাহকৃত ক্যাপ পিক্ড এ কোষ্ট গার্ড মানোগ্রাম খচিত ব্যাজ সহকারে পরিধান করবেন।



## ক্যাপ পিক্ড (নাবিক)

কোস্ট গার্ড এ কর্মরত নাবিকগণ উন্নতমানের নরম, মোলায়েম/  মনোগ্রাম এবং দাগ মুক্ত সাদা রেক্সিন দ্বারা তৈরীকৃত কোস্ট গার্ড মনোগ্রাম সম্বলিত ব্যাজসহ ক্যাপ পিক্ড পদবী অনুযায়ী পরিধান করবে।



## ক্যাপ ব্যাজেজ (অফিসার)

অনুমোদিত ডিজাইন অনুযায়ী পঞ্চভুজ আকৃতির কালো ব্লেজারের কাপড়ের উপরে কোস্ট গার্ড এর মনোগ্রাম সম্বলিত সোনালী জরির সুতা দ্বারা বুনন করা ক্যাপ ব্যাজটি ক্যাপ পিক্ড এ মোহর ব্যান্ড এর সাথে সেলাই করা থাকবে এবং জকি ক্যাপ এ ভেলক্রো দ্বারা যুক্ত করতে হবে। কোস্ট গার্ড এর মনোগ্রামটি সোনালী জরীর সুতা দ্বারা বুনন করা ওক গাছের পাতা দ্বারা পরিবেষ্টিত থাকবে। কোস্ট গার্ড এর মনোগ্রাম এর উপরে সোনালী জরীর সুতা দ্বারা বুনন করা জাতীয় ফুল শাপলা লাল ভেলভেট কাপড়ের উপর থাকবে।



## ক্যাপ ব্যাজেজ জেসিও'স

অনুমোদিত ডিজাইন অনুযায়ী বাংলা ৪ আকৃতির কালো ভেলভেট কাপড়ের উপর কোস্ট গার্ড এর মনোগ্রাম সোনালী জরীর সূতা দ্বারা এমব্রয়ডারি করা থাকবে যা সোনালী ধানের শীষের মধ্যে অবস্থান করবে। মনোগ্রামের উপরে সোনালী জরীর সুতা দ্বারা শাপলা এমব্রয়ডারি করা থাকবে যার বেইজ হবে লাল রঙের।  ক্যাপ ব্যাজটি ভেলক্রো দ্বারা ক্যাপ পিক্ড, জকি ক্যাপ এবং ব্যারেট এর সাথে যুক্ত করতে হবে।



## ক্যাপ ব্যাজ পিও'স

অনুমোদিত ডিজাইন অনুযায়ী বাংলা ৪ আকৃতির কালো ভেলভেট কাপড়ের উপর কোস্ট গার্ড এর মনোগ্রাম সোনালী জরীর সূতা দ্বারা এমব্রয়ডারি করা থাকবে। মনোগ্রামের হুইলটি সোনালী জরির সুতা দ্বারা গোলাকার বর্ডার এর মধ্যে থাকবে। মনোগ্রাম এর শাপলাটি এমব্রয়ডারি করা থাকবে যার বেইজ হবে লাল রঙের। ক্যাপ ব্যাজটি ভেলক্রো দ্বারা ক্যাপ পিক্ড অথবা জকি ক্যাপ এর সাথে যুক্ত করতে হবে।



## ক্যাপ ব্যাজ লিডিং ও নিম্নমান

অনুমোদিত ডিজাইন অনুযায়ী বাংলা ৪ আকৃতির কালো ভেলভেট কাপড়ের উপর কোস্ট গার্ড এর মনোগ্রাম এর হুইল মেরুন রঙের সুতা দ্বারা এমব্রয়ডারি করা থাকবে। মনোগ্রাম এর উপরে শাপলাটি মেরুন রঙের সুতা দ্বারা এমব্রয়ডারি করা থাকবে যার বেইজ হবে সাদা রঙের। ক্যাপ ব্যাজটি ভেলক্রো দ্বারা ক্যাপ পিক্ড অথবা জকি ক্যাপ এর সাথে যুক্ত করতে হবে।




## সোল্ডার স্ট্র্যাপস এ্যাপুলেট (অফিসার)

এ্যারো চিহ্ন আকৃতির জিআই/ স্টীল/ পাষ্টিকের সোল্ডার স্ট্র্যাপস ডীপ নেভী ব্লু রং এর উন্নত মানের কাপড় দ্বারা মুড়িয়ে তৈরী করতে হবে। এটি দৈর্ঘ্যে ১৩.৫ সেঃ মিঃ এবং বাকানো অবস্থায় ব্যাস ৫.৪ সেঃ মিঃ হবে। সোল্ডার স্ট্র্যাপ্স এর উপরে পদবী অনুযায়ী লেসেস গোল্ড সোনালী রঙের সুতা দ্বারা সেলাই করা থাকবে। সোল্ডার স্ট্র্যাপস এর এ্যারো চিহ্নের মাথা হতে ১৩ মিঃ মিঃ ভিতরে ১৩/২০ সাইজের সোনালী রঙের কোস্ট গার্ড মনোগ্রাম সম্বলিত বোতাম থাকবে। সর্বপরি সোল্ডার স্ট্রাপস/ এ্যাপুলেট সমুহ নৌ বাহিনীর অনুমোদিত ডিজাইন অনুযায়ী তৈরী করতে হবে।




## সোল্ডার ফ্ল্যাপস (অফিসার)

ডীপ নেভী ব্লু কাপড় দ্বারা তৈরী তিন ভাঁজ বিশিষ্ট ফ্ল্যাপ ভেলক্রো দ্বারা লাগানো থাকবে যা লম্বায় ১০.৫ সেঃমিঃ এবং প্রস্থে ৬.৫ সেঃমিঃ হবে এবং পদবী অনুযায়ী লেসেস গোল্ড একই রঙের সুতা দিয়ে সেলাই করা থাকবে। সর্বোপরি সোল্ডার ফ্ল্যাপস/ স্লিপ অন সোল্ডার সমুহ নৌ বাহিনীর অনুমোদিত ডিজাইন অনুযায়ী তৈরী করতে হবে।




## স্ট্র্যাপস অন স্লিভস (অফিসার)

ষ্ট্র্যাপস অন স্লিভস অফিসারগণ সার্ভিস ড্রেস ব্ল্যাক এর স্লীভ এর কিনারা হতে ৭.৫ সেঃ মিঃ দুরত্বে পদবী অনুযায়ী পরিধান করবেন। কমডোর এবং তদুর্ধ অফিসারগণ ষ্ট্র্যাপস অন স্লিভস জ্যাকেটের স্লীভ এর কিনারা হতে ৫ সেঃ মিঃ দুরত্বে পরিধান করবেন। সর্বপরি স্ট্র্যাপস অন স্লিভস সমুহ নৌ বাহিনীর অনুমোদিত ডিজাইন অনুযায়ী পরিধানযোগ্য।




## জর্জেট প্যাচ (অফিসার)

কোস্ট গার্ড এ কর্মরত ক্যাপ্টেন এবং তদুর্ধ পদবীর কর্মকর্তাগণ নির্ধারিত ডিজাইন অনুযায়ী সকল পোষাক (স্পোর্টস টি শার্ট ব্যতীত) এর দুই কলারে ত্রিকোণা সম্মুখবিশিষ্ট ৮.৫ সেঃমিঃ দৈর্ঘ্য ঃ ২.৮ সেঃ মিঃ প্রস্থ দুইটি জর্জেট প্যাচ পরিধান করবেন এবং উক্ত জর্জেট প্যাচে ডীপ নেভী ব্লু (ক্যাপ্টেন ও কমডোর) এবং সোনালী (রিয়ার এডমিরাল ও তদুর্ধ্ব) রঙের জমিনের উপর সোনালী জরীর কাজ করা পাতা বেষ্টিত শাপলা থাকবে এবং এর উপরিভাগের প্রান্তে একটি ক্ষুদ্র ধাতব বোতাম থাকবে। শাপলা এবং বোতামের মাঝখানে কমডোর ও তদুধ পদবীর কর্মকর্তগনের পদবী অনুযায়ী সোনালী জরির বুনন করা তারকা থাকবে।



রিয়ার এডমিরাল







| কমডোর | ক্যাপ্টেন |
|---|---|

## সোল্ডার স্ট্র্যাপস (জেসিও'স)

এ্যারো চিহ্ন আকৃতির জিআই/ স্টীল/ প্লাষ্টিকের সোল্ডার স্ট্র্যাপস ডীপ নেভী ব্লু রং এর উন্নত মানের কাপড় দ্বারা তৈরী হবে। এটি দৈর্ঘ্যে ১৩.৫ সেঃ মিঃ এবং বাকানো অবস্থায় ব্যাস ৫.৪ সেঃ মিঃ হবে। সোল্ডার স্ট্র্যাপসের উপরে পদবী অনুযায়ী উজ্জল সোনালী জরির ফিতা সেলাই করা থাকবে। সোল্ডার ব্যাজের এ্যারো চিহ্নের মাথা হতে ১৩ মিঃ মিঃ ভিতরে ১৩/২০ সাইজের সোনালী রঙের কোস্ট গার্ড মনোগ্রাম সম্বলিত বোতাম থাকবে।



## সোল্ডার ফ্ল্যাপস স্লিপ অন সোল্ডার (জেসিও'স)

ডীপ নেভী ব্লু কাপড় দ্বারা তৈরী তিন ভাঁজ বিশিষ্ট ফ্যাপ ভেলক্রো দ্বারা লাগানো থাকবে যা  লম্বায় ১০.৫ সেঃমিঃ এবং প্রস্থে ৬.৫ সেঃমিঃ হবে এবং পদবী অনুযায়ী উজ্জ্বল সোনালী জরির ফিতা সেলাই করা থাকবে।



## আর্ম ব্যাজেজ (পিও এবং নাবিক)

কোস্ট গার্ড ইউনিফর্ম এর ব্লু এবং সাদা রং এর কাপড় দিয়ে তৈরীকৃত প্রতিটি ট্রেড ব্যাজ ১৩ X ১৩ সেঃ মিঃ কাপড়ের উপর হবে যা ব্লু কাপড়ের উপর সুতি এবং পলিয়েষ্টার দ্বারা মিশ্রিত লাল রংয়ের সুতা এবং সাদা কাপড়ের উপর সুতি এবং পলিয়েষ্টার দ্বারা মিশ্রিত নেভী ব্লু রংয়ের সুতা দিয়ে এমব্রয়ডারী করা থাকবে।
















## র‍্যাংক ব্যাজেজ (পিও এবং নাবিক)

নৌ বাহিনীর শাখা অনুযায়ী পিওস ও তদনিম্ন নাবিকবৃন্দ সকল পোষাকের সাথে ডান হাতে সিজি কাপড়ের র‍্যাংক ব্যাজ পরিধান করবে। র‍্যাংক ব্যাজগুলো কোস্ট গার্ড ইউনিফর্ম এর ব্লু ও সাদা রং এর কাপড় দিয়ে তৈরী করতে হবে যা, ব্লু কাপড়ের উপর সুতি এবং পলিয়েষ্টার দ্বারা মিশ্রিত লাল রংয়ের সুতা এবং সাদা কাপড়ের উপর সুতি এবং পলিয়েষ্টার দ্বারা মিশ্রিত নেভী বু রংয়ের সুতা দিয়ে এমব্রয়ডারী করতে হবে।



র‍্যাংক ব্যাজ (পিও'স)



র‍্যাংক ব্যাজ (লিডিং)

## জিসিবি (Good Conduct Badges)

কোস্ট গার্ড ইউনিফর্ম এর ব্লু রং এর কাপড় দিয়ে তৈরী করা প্রতিটি জিসিবি ১৩ X ১৩ সেঃমিঃ কাপড়ের উপর সুতি ও পলিয়েষ্টার দ্বারা মিশ্রিত লাল রঙের সুতা দিয়ে এমব্রয়ডারী হবে।







## চেষ্ট ব্যাজেজঃ

প্রেসিডেন্টের প্রশংসা, প্রধানমন্ত্রীর প্রশংসা, নৌ প্রধানের প্রশংসা, বোম্ব ডিস্পোজাল, সেনা কমান্ডো/প্যারা, সী সার্ভিস পিন, রক্ত দাতা পিন, ইউএন পদক/দক্ষতা ব্যাজ, স্পেলাইজেশন/সাব- স্পেলাইজেশন, এভিয়েশন/সাবমেরিন, ডুবুরী/নৌ কমান্ডো, কমান্ড পিন, পোষ্ট স্টাফ কোর্স/স্টাফ কোর্স ইনসিগনিয়াগুলি চেষ্ট ব্যাজ হিসাবে গণ্য।



সী সার্ভিস পিন



স্পেলাইজেশন



প্যারা ইনসিগ্নিয়া



## মেডেলস ঃ

মেডেল সমূহ পরিশিষ্ট 'গ' এ বর্ণিত জ্যেষ্ঠতা অনুযায়ী এমনভাবে পরিধান করতে হবে যেন মেডেলের কেন্দ্র বাম পকেটের উপরের প্রান্তের লাইন বরাবর থাকে।



## রিবনস্

রিবন (Convex Round shape) সমুহ পরিশিষ্ট 'গ' জ্যেষ্ঠতা অনুযায়ী এমনভাবে পরিধান করতে হবে যেন রিবনের নিম্নভাগ বাম পকেটের উপরের প্রান্তের লাইন বরাবর থাকে।



## বাহুবন্ধনি

সংশ্লিষ্ট কর্মকর্তা এবং নাবিকগণ নিম্নবর্ণিত দায়িত্বে থাকাকালে পোষাকের সংগে ডান হাতের বাহুতে বাহুবন্ধনি পরিধান করবেঃ

(১) মহাপরিচালকের সচিব - কালো মখ্মল কাপড়ের উপর সোনালী জরি দিয়ে মহাপরিচালকের সচিব লেখা এবং মাঝে কোস্ট গার্ড এর মনোগ্রাম খচিত বাহুবন্ধনি পরিধান করবে।

(২) ফ্ল্যাগ ল্যাফটেন্যান্ট - কালো মখ্মল কাপড়ের উপর সোনালী জরি দিয়ে ফ্ল্যাগ ল্যাফটেন্যান্ট লেখা এবং মাঝে কোস্ট গার্ড এর মনোগ্রাম খচিত বাহুবন্ধনি পরিধান করবে।

(৩) **কোস্ট গার্ড** প্রভোষ্ট মার্শাল এবং এ্যাসিসট্যান্ট কোষ্ট গার্ড প্রভোষ্ট মার্শাল - লাল মখ্মল কাপড়ের উপর সোনালী জরি দিয়ে প্রভোষ্ট মার্শাল ও এ্যাসিসট্যান্ট প্রভোষ্ট মার্শাল লেখা এবং মাঝে কোস্ট গার্ড এর মনোগ্রাম খচিত বাহুবন্ধনি পরিধান করবে।

(৪) **কোস্ট গার্ড** প্রভোষ্ট - প্রভোষ্ট শাখার নাবিকবৃন্দ এবং অন্যান্য শাখার নাবিকবৃন্দ যারা প্রভোষ্ট কোর্স সম্পন্ন করবে এবং উক্ত দায়িত্বে নিয়োজিত থাকবে, তারা লাল মখ্মল কাপড়ের উপর সোনালী জরি দিয়ে কোষ্ট গার্ড প্রভোষ্ট লেখা এবং মাঝে কোস্ট গার্ড এর মনোগ্রাম খচিত বাহুবন্ধনি পরিধান করবে।

## বাহুবন্ধনির আকৃতি নিম্নরুপঃ

চওড়া ৪.৫০ ইঞ্চি, মনোগ্রাম এর উচ্চতা-১.৫ ইঞ্চি, হরফের উচ্চতা -৩/৪ ইঞ্চি, হরফ এবং মনোগ্রাম এর মধ্যে ব্যাবধান হবে -১/৪ ইঞ্চি।







## স্কার্ফ

জাতীয় প্যারেডে এবং সিরিমোনিয়াল গার্ড এ অংশগ্রহনকারী সকলে আনুষ্ঠানিক পোষাকে কোস্ট গার্ড এর মনোগ্রাম সম্বলিত স্কাই ব্লু রং এর স্কার্ফ পরিধান করবে।



# কোস্ট গার্ড এর বিভিন্ন পদক

বাংলাদেশ কোষ্ট গার্ড এ কর্মকালীন বিভিন্ন সময়ে কোস্ট গার্ড সদস্যগণ জীবনের ঝুকি নিয়ে উপকুলীয় এলাকায় সরকারী সম্পদ রক্ষায় অপারেশন পরিচালনা, চোরাচালান/জলদস্যুতা দমন, দুর্যোগ মোকাবেলা ছাড়াও সৃজনশীল/উদ্ভাবনীমুলক কর্মকান্ডের প্রশিক্ষণদান, কোস্ট গার্ড এর উন্নয়ন ও আধুনিকায়নে জোন/পরিদপ্তর/শাখায় অভুতপূর্ব দৃশ্যমান অবদান রাখলে ইত্যাদি কাজের গুরুত্বের উপর ভিত্তি করে ০৪টি ভাগে কোস্ট গার্ড পদক প্রদান করা হয়।

## ১। বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম)



### বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম) এর গঠন

(ক) পদকটি রুপা ধাতু দ্বারা তৈরী করা হবে।
(খ) পদকের আকৃতির গোলাকার হবে।
(গ) পদকের ব্যাস ৩৫ মিঃ মিঃ হবে।
(ঘ) সম্মুখভাগের উপরে বাংলাদেশের জাতীয় প্রতীক "শাপলা" এবং তার উপরে "বাংলাদেশ কোস্ট গার্ড পদক" ও "অসমসাহসিকতা" উৎকীর্ণ থাকবে।
(ঙ) রীমে পদক প্রাপ্ত ব্যক্তির নাম উৎকীর্ণ থাকবে।

### বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম) রিবনের বিবরণ

(ক) রিবনের দৈর্ঘ্য ৩০ মিঃ মিঃ হবে। রিবন গাঢ় সবুজ এবং এর উভয় পার্শ্বে ও মধ্যভাগে সরু রুপালী স্ট্রাইপ হবে। রুপালী স্ট্রাইপের মাঝে একটি চিকন লাল রেখা থাকবে।

(খ) এর প্রস্থ ০৯ মিঃ মিঃ হবে।

## ২। প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম)ঃ



### প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম) এর গঠন

(ক) পদকটি ব্রোঞ্জ ধাতু দ্বারা তৈরী করা হবে।
(খ) পদকের আকৃতির গোলাকার হবে।
(গ) পদকের ব্যাস ৩৫ মিঃ মিঃ হবে।
(ঘ) সম্মুখভাগের উপর বাংলাদেশের জাতীয় প্রতীক শাপলা এবং তার উপরে "প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক" ও "সাহসিকতা" উৎকীর্ণ থাকবে।
(ঙ) রীমে পদক প্রাপ্ত ব্যক্তির নাম উৎকীর্ণ থাকবে।

### প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম) রিবনের বিবরণ

(ক) রিবনের দৈর্ঘ্য ৩০ মিঃ মিঃ হবে। রিবন গাঢ় নীল এবং উভয় পার্শ্বে ও মধ্যভাগে সরু রূপালী স্ট্রাইপ হবে এবং অতুলনীয় সাহসিকতার জন্য প্রদত্ত হলে সরু রূপালী স্ট্রাইপের মাঝে একটি চিকন লাল রেখা থাকবে।

(খ) এর প্রস্থ ০৯ মিঃ মিঃ হবে।

## ১। বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম) সেবাঃ



### বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম) সেবা এর গঠনঃ

(ক) পদকটি ব্রোঞ্জ ধাতু দ্বারা তৈরী করা হবে।
(খ) পদকের আকৃতি গোলাকার হবে।
(গ) পদকের ব্যাস ৩৫ মিঃ মিঃ হবে।
(ঘ) সম্মখভাগে "কোস্ট গার্ড পদক- সেবা" এবং জাতীয় ফুল শাপলা উৎকীর্ণ থাকবে।
(ঙ) পদকের পশ্চাৎ দিক মধ্যভাগে কোস্ট গার্ডের মনোগ্রাম উৎকীর্ণ থাকবে।

### বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম) সেবা রিবনের বিবরণ

(ক) রিবনের দৈর্ঘ্য ৩০ মিঃ মিঃ হবে। রিবনের মধ্য ভাগ সাদা ও এর উভয় পার্শ্বে হলুদ রং হবে। প্রত্যেক রং এর দৈর্ঘ্য সমান অর্থাৎ ১০ মিঃ মিঃ করে হবে।
(খ) এর প্রস্থ ০৯ মিঃ মিঃ হবে।

## ২। প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম) সেবাঃ



### প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম) সেবা এর গঠন

(ক) পদকটি ব্রোঞ্জ ধাতু দ্বারা তৈরী করা হবে।
(খ) পদকের আকৃতি গোলাকার হবে।
(গ) পদকের ব্যাস ৩৫ মিঃ মিঃ হবে।
(ঘ) সম্মুখভাগের উপর বাংলাদেশের জাতীয় প্রতীক শাপলা এবং তার উপরে "প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক" ও "সেবা" উৎকীর্ণ থাকবে।
(ঙ) রীমে পদক প্রাপ্ত ব্যক্তির নাম উৎকীর্ণ থাকবে।

### প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম) সেবা রিবনের বিবরণ

(ক) রিবনের দৈর্ঘ্য ৩০ মিঃ মিঃ হবে। রিবন গাঢ় নীল এবং উভয় পার্শ্বে ও মধ্যভাগে সরু রূপালী স্ট্রাইপ হবে এবং অতুলনীয় সাহসিকতার জন্য প্রদত্ত হলে সরু রূপালী স্ট্রাইপের মাঝে একটি চিকন লাল রেখা থাকবে।

(খ) এর প্রস্থ ০৯ মিঃ মিঃ হবে।

এই পদক জেষ্ঠ্যতার ক্রমানুসারে সিরিমোনিয়াল পোশাকে মেডেলসহ এবং অন্যান্য পোষাকে রিবন পরিধান করতে হবে।

## অন্যান্য আনুষাঙ্গিক দ্রব্যাদি

### টাই কালো

কালো সিল্ক কাপড় দ্বারা তৈরীকৃত নেক টাই সার্ভিস ড্রেস ব্ল্যাক এর সাথে পরিধান যোগ্য।





### বো টাই কালো

কালো সিল্ক কাপড় দ্বারা তৈরীকৃত বো টাই মেস ড্রেস হোয়াইট এবং মেস আনড্রেস এর সাথে পরিধান যোগ্য।





## বাটন গিল্ট ঃ

বাংলাদেশ কোস্ট গার্ড এর মনোগ্রাম খচিত সিলভার রঙের ৪ সাইজ এর ধাতব বোতাম কর্মরত সামরিক কর্মকর্তা এবং নাবিকগণ প্রাধিকার অনুযায়ী সিরিমোনিয়াল পোষাক, এ্যাপুলেট এবং জার্সির দুই পকেটে পরিধান করবেন। বোতামের সাইজ নিম্নরুপঃ

(ক) ৯/১০ ইঞ্চি পরিধি
(খ) ১৩/২০ইঞ্চি পরিধি
(গ) ১৫/২০ ইঞ্চি পরিধি
(ঘ) ৭/৮ ইঞ্চি পরিধি (শুধুমাত্র নাবিক)



## কোমর বন্ধ

প্লেইন ব্ল্যাক সিল্ক অথবা সুতার কাপড় দ্বারা তৈরীকৃত ৬ ইঞ্চি চওড়া কোমর বন্ধ রেড সী রিগ এর সাথে পরিধেয়। কোমর বন্ধ পরিধানের জন্য এর শেষ প্রান্তে তিন সারিতে ভেলক্রো থাকবে।





## বেল্ট নীল (বাকলসহ)

কোস্ট গার্ড এ কর্মরত সামরিক কর্মকর্তা এবং নাবিকগণ ব্লু রং এর নাইলন সুতা দ্বারা তৈরীকৃত ১.১৫" চওড়া এবং ০.১০" পুরু বেল্ট, সিলভার কালারের কোষ্ট গার্ড মনোগ্রাম খচিত ষ্টেইনলেস ষ্টীল এর বাকল দ্বারা ইউনিফর্ম এর ট্রাউজার এর সাথে পরিধান করবেন।



**মোজা (কালো)ঃ** কালো রঙের সুতায় তৈরী চিকন মোজা সার্ভিস স্যু এর সাথে এবং উল দ্বারা তৈরীকৃত মোটা মোজা বুট ডিএমএস এর সাথে পরিধানযোগ্য।



## তরবারী ঃ

বাংলাদেশ কোস্ট গার্ড এর আনুষ্ঠানিক প্যারেডের সময় ওওজি গণ নৌ বাহিনী হতে প্রাপ্ত তরবারী ব্যাবহার করবেন।



## ফুট ওয়্যার (বিভিন্ন প্রকারের)







| | | |
|---|---|---|
| কালো অক্সফোর্ড জুতা (কর্মকর্তা) | কালো জুতা (নাবিক) | খেলাধূলার জুতা (নাবিক) |

**কালো জুতা ঃ** অনুমাদিত ডিজাইন অনুযায়ী মসৃন চামড়া দ্বারা তৈরী কালো জুতায় স্যু লেস বাঁধার জন্য ৫×২ আইলেট থাকবে। কর্মকর্তাদের জুতা অক্সফোর্ড টাইপ হবে যার সোল মোটা রাবারের তৈরী এবং নাবিকগণের জুতা প্লেন টাইপ হবে এবং সোল হবে মোটা রাবারের তৈরী। স্পোর্টস রীগ ব্যতীত অন্য সকল পোষাকের সাথে এই জুতা পরিধেয়।



বুট ডিএমএস

**বুট ডিএমএস ঃ** লম্বা ক্র্যাপট্ মসৃন চামড়া দ্বারা তৈরী লং বুট (অক্সফোর্ড টাইপ) যাতে স্যু লেস বাঁধার পর্যাপ্ত ব্যবস্থা থাকবে। এতে অনুমোদিত ডিজাইন অনুযায়ী মোটা রাবার দ্বারা তৈরী ডাবল সোল থাকবে। সমর পোষাকের সাথে প্যারেড, টহল, স্কর্ট, গার্ড, সেন্ট্রি ডিউটিতে, বোর্ডিং অথবা যে কোন অপারেশনাল কর্মকান্ডে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পরিধানযোগ্য।

**স্যু জিম বা খেলাধূলার জুতা ঃ** অনুমোদিত ডিজাইন অনুযায়ী সাদা ক্যানভাস দ্বারা তৈরীকৃত স্যু জিম যার সোল হবে সাদা নরম রাবারের। স্পোর্টস রীগ এর সাথে পরিধেয়।

## ফুট ওয়্যার (বিভিন্ন প্রকারের)





| | | |
|---|---|---|
| কালো অক্সফোর্ড জুতা (কর্মকর্তা) | কালো জুতা (নাবিক) | খেলাধূলার জুতা (নাবিক) |

কালো জুতা ঃ অনুমাদিত ডিজাইন অনুযায়ী মসৃন চামড়া দ্বারা তৈরী কালো জুতায় স্যু লেস বাঁধার জন্য ৫×২ আইলেট থাকবে। কর্মকর্তাদের জুতা অক্সফোর্ড টাইপ হবে যার সোল মোটা রাবারের তৈরী এবং নাবিকগণের জুতা প্লেন টাইপ হবে এবং সোল হবে মোটা রাবারের তৈরী। স্পোর্টস রীগ ব্যতীত অন্য সকল পোষাকের সাথে এই জুতা পরিধেয়।



বুট ডিএমএস

বুট ডিএমএস ঃ লম্বা ক্র্যাপট মসৃন চামড়া দ্বারা তৈরী লং বুট (অক্সফোর্ড টাইপ) যাতে স্যু লেস বাঁধার পর্যাপ্ত ব্যবস্থা থাকবে। এতে অনুমোদিত ডিজাইন অনুযায়ী মোটা রাবার দ্বারা তৈরী ডাবল সোল থাকবে। সমর পোষাকের সাথে প্যারেড, টহল, স্কর্ট, গার্ড, সেন্ট্রি ডিউটিতে, বোর্ডিং অথবা যে কোন অপারেশনাল কর্মকান্ডে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পরিধানযোগ্য।

স্যু জিম বা **খেলাধূলার** জুতা ঃ অনুমোদিত ডিজাইন অনুযায়ী সাদা ক্যানভাস দ্বারা তৈরীকৃত স্যু জিম যার সোল হবে সাদা নরম রাবারের। স্পোর্টস রীগ এর সাথে পরিধেয়।

**স্পোর্টস কেড্স ঃ** কোস্ট গার্ড এ কর্মরত নৌ বাহিনীর কর্মকর্তাগণ নৌ বাহিনী হতে প্রাধিকার অনুযায়ী প্রাপ্ত ও সরবরাহকৃত ডিজাইনের স্পোর্টস কেড্স খেলাধুলার পোষাকের সাথে পরিধান করবেন।



**স্যু মোকাসিন ঃ** কোস্ট গার্ড এ কর্মরত নৌ বাহিনীর কর্মকর্তাগণ নৌ বাহিনী হতে প্রাধিকার অনুযায়ী প্রাপ্ত ও সরবরাহকৃত ডিজাইনের স্যু মোকাসিন সিভিল পোষাকের সাথে পরিধান করবেন।



**সিজি সাইন ঃ**

সিজি সাইন বাম হাতের মুহুরীর সেলাই থেকে ১" নীচে মাঝ বরাবর পরিধেয়। সিজি সাইনটি লম্বায় ৭.৫ সেঃ মিঃ এবং পার্শ্ব হবে ৬.৫ সেঃমিঃ। সাইন এর জমিন হবে গাঢ় নীল কাপড়ের এবং কিনার দিয়ে সোনালী জরীর সুতার (৩ মিঃ মিঃ) এর এমব্রয়ডারী থাকবে। এর মধ্যাংশে সোনালী জরীর কাজ করা সিজি মনোগ্রাম থাকবে। সিজি মনোগ্রামের নিচের অংশে অর্ধ বৃত্তাকার সাদা জমিনের উপর বাংলাদেশ কোস্ট গার্ড কথাটি নীল সুতা দ্বারা লেখা থাকবে এবং শাপলার উপরের অংশে অর্ধ বৃত্তাকার সাদা জমিনের উপর নীল সুতা দ্বারা GUARDIAN AT SEA কথাটি লেখা থাকবে। সিজি সাইনটি ভেলক্রো দ্বারা সেলাই থাকবে।



# পরিশিষ্ট-ক

কর্মকর্তাগণ কর্তৃক কোস্ট গার্ড হতে নির্ধারিত মূল্যে ক্রয়যোগ্য পোষাক ও অন্যান্য দ্রব্য সামগ্রীর তালিকা

| ক্রমিক | পোষাক ও অন্যান্য দ্রব্য সামগ্রীর বিবরণ | ব্যবহারের সময়কাল | পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ক্যাপ জকি ব্যাজসহ | ১২ মাস | ২ টি | |
| ২। | ক্যাপ পিকড ব্যাজ | ১২ মাস | ১ টি | |
| ৩। | বেল্ট নীল সিলভার কালার বাকলসহ | ১২ মাস | ১ টি | |
| ৪। | কর্মকালীন পোষাকের জন্য সিজি ক্লথ | ১২ মাস | ৬ মিঃ | শার্ট ও ট্রাউজার এর জন্য |
| ৫। | আনুষ্ঠানিক পোষাকর জন্য সিজি ক্লথ | ১২ মাস | ৩.২০মিঃ | শার্ট ও ট্রাউজার এর জন্য |
| ৬। | সমর পোষাকর জন্য সিজি ক্লথ | ১২ মাস | ৮ মিঃ | শার্ট ও ট্রাউজার এর জন্য |
| ৭। | পিটি শর্টস এর জন্য সিজি ক্লথ | ১২ মাস | ১.৬৬মিঃ | |
| ৮। | স্যু অক্সফোর্ড | ১৮ মাস | ২ জোড়া | |
| ৯। | নীল মোজা সুতি/নাইলন | ৬ মাস | ২ জোড়া | |
| ১০। | নীল মোজা উলেন | ৬ মাস | ১ জোড়া | |
| ১১। | জার্সি সিজি কালার | ৩৬ মাস | ১ টি | |
| ১২। | সিজি গেঞ্জি | ৬ মাস | ৩ টি | |
| ১৩। | স্কার্ফ | ২৪ মাস | ১ টি | |
| ১৪। | কোস্ট গার্ড সাইন | ৬ মাস | ১ টি | |
| ১৫। | স্পোর্টস জার্সি | ৩৬ মাস | ১ টি | |
| ১৬। | সুইমিং কসটিউম | ১২ মাস | ১ টি | |
| ১৭। | স্পোর্টস গেঞ্জি | ১২ মাস | ২ টি | |

## পরিশিষ্ট-খ

**নাবিকগণ** কর্তৃক কোস্ট গার্ড হতে নির্ধারিত মূল্যে ক্রয়যোগ্য পোষাক ও অন্যান্য দ্রব্য সামগ্রীর তালিকাঃ

| ক্রমিক | পোষাক ও অন্যান্য দ্রব্য সামগ্রীর বিবরণ | ব্যবহারের সময়কাল | পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কম্বল পশমি সাধারণ ব্যবহার (জিএস) | ৩৬ মাস | ২০ টি | |
| ২। | কম্বল পশমি অতিরিক্ত বড় (ইএল) | ৯৬ মাস | ১ টি | |
| ৩। | দড়ি | ৩৬ মাস | ১ টি | |
| ৪। | গ্রাউন্ড শীট | ৩৬ মাস | ১ টি | |
| ৫। | বিছানার চাদর | ১২ মাস | ১ টি | |
| ৬। | মশারী | ২৪ মাস | ১ টি | |
| ৭। | ওভার কোর্ট (শীতকালীন) | ৩৬ মাস | ১ টি | ইউনিটের নাম বরাদ্দ থাকবে, নাবিকবৃন্দ অস্থায়ী ঋনে গ্রহন করবে |
| ৮। | রেইন কোর্ট | ২৪ মাস | ১ টি | |
| ৯। | গাম বুট | ২৪ মাস | ১ টি | |
| ১০। | কীট ব্যাগ | ৩৬ মাস | ১ টি | |
| ১১। | বালিশ | ৩৬ মাস | ১ টি | |
| ১২। | বালিশের কভার | ১২ মাস | ২ টি | |
| ১৩। | ট্রাউজার (সিজি ক্লথ ড্রিল) | ১২ মাস | ২ টি | ওয়ার্কিং ড্রেস এর প্যান্ট (কাপড় ৩ মিঃ) |
| ১৪। | শার্ট হাফ স্লিভ (সিজি ক্লথ সাদা) | ১২মাস | ২ টি | ওয়ার্কিং ড্রেস এর হাফ শার্ট (কাপড় ৩ মিঃ) |
| ১৫। | শার্ট বুশ ফুল স্লিভ (সিজি ক্লথ ড্রিল) | ১২ মাস | ১ টি | সিরিমোনিয়াল ড্রিল (কাপড় ৩.২০ মিঃ) |
| ১৬। | সমর পোষাক | ১২ মাস | ২ টি | ট্রাউজার সহ কাপড় ৮ মিটার |
| ১৭। | শর্ট প্যান্ট (সিজি ক্লথ ড্রিল) | ১২ মাস | ২ টি | কাপড় .৮৩ মিটার |
| ১৮। | জুতা কালো চামড়া | ১৮ মাস | ২জোড়া | |
| ১৯। | বুট ডিএমস | ১২ মাস | ১জোড়া | |
| ২০। | মোজা নীল (সুতা/নাইলন) | ১২ মাস | ৪জোড়া | |
| ২১। | মোজা নীল (উলেন) | ১২ মাস | ২জোড়া | |
| ২২। | স্যু জিম | ১২ মাস | ২জোড়া | |
| ২৩। | বেল্ট ওয়েষ্ট | ১২ মাস | ১ টি | |
| ২৪। | বাকল বেল্ট ওয়েষ্ট | ২৪ মাস | ১ টি | |
| ২৫। | জার্সি সিজি কালার | ৩৬ মাস | ১ টি | |
| ২৬। | ওভারঅল কালো | ১৮ মাস | ১জোড়া | |
| ২৭। | র‍্যাংক ব্যাজ | ১২ মাস | ৪ টি | |
| ২৮। | ট্রেড ব্যাজ | ১২ মাস | ৪ টি | |
| ২৯। | ক্যাপ ব্যাজ | ৪ মাস | ১ টি | |
| ৩০। | ক্যাপ জকি | ৬ মাস | ১ টি | |
| ৩১। | গেঞ্জি সুতি | ১২ মাস | ৬ টি | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩২। | তাওয়াল | ১২ মাস | ২ টি | |
| ৩৩। | স্পোর্টস জার্সি | ৩৬ মাস | ১ টি | জেসিও এবং পিটিআইদের জন্য |
| ৩৪। | স্পোর্টস ব্লেজার | ৬০ মাস | ১ টি | জেসিওদের জন্য |
| ৩৫। | সোল্ডার এ্যাপুলেট | ১২ মাস | ২জোড়া | জেসিওদের জন্য |
| ৩৬। | মাফলার (সিজি/নেভী ব্লু কালার) | ৩৬ মাস | ১ টি | |
| ৩৭। | গ্লোভস কটন সাদা | ৩৬ মাস | ১জোড়া | ঋণ হিসাবে প্রদান করা হবে। |
| ৩৮। | স্পোর্টস গেঞ্জি নাবিক (গোলগলা) | ১২ মাস | ২ টি | |
| ৩৯। | এপ্রোন কুক ও হেড গিয়ার | ১২ মাস | ১ টি | |
| ৪০। | মগ (পানি পানের জন্য) | | ১ টি | কেবল নতুন নিয়োগ প্রাপ্তদের জন্য |
| ৪১। | ফর্ক টেবিল | | ১ টি | |
| ৪২। | চামচ (মধ্যম সাইজের) | | ১ টি | |
| ৪৩। | প্লেট এ্যালুমিনিয়াম | | ১ টি | |
| ৪৪। | সীম্যান নাইফ | | ১ টি | |
| ৪৫। | এ্যাটাচি কেস | | ১ টি | |
| ৪৬। | হাউজ ওয়াইফ | | ১ টি | |
| ৪৭। | সীল (সঃ সংখ্যা) | | ১ টি | |
| ৪৮। | নেইম প্লেট | | ১ টি | |
| ৪৯। | সুইম কস্টিউম | | ১ টি | |

বাংলাদেশ কোস্ট গার্ড

প্রজেক্ট ডাইরেক্টরস

ক্যাপ্টেন এম মুনিরুল ইসলাম, (এস), পিএসসি, বিএন
ক্যাপ্টেন আবু মোনায়েম কুদরত উল্লাহ, (এস), পিএসসি, বিএন

প্রজেক্ট কো-অর্ডিনেটর

লেঃ কমান্ডার সৈয়দ আবদুস সামাদ, (এস), বিএন

এডিটরস্

কমান্ডার এম লুৎফর রহমান, (এস), বিএন
লেঃ কমান্ডার সৈয়দ আবদুস সামাদ, (এস), বিএন
লেঃ কমান্ডার এস এম মাহিতুরে রোম্মান, (ই), বিএন
কামরুল ইসলাম, সিপিও (এস)

ফটোগ্রাফী

কমান্ডার এম লুৎফর রহমান, (এস), বিএন
লেঃ কমান্ডার সৈয়দ আবদুস সামাদ, (এস), বিএন
লেঃ কমান্ডার এস এম মাহিতুরে রোম্মান, (ই), বিএন
এম এ সাত্তার, এল/আরইএন
এম ইলিয়াস, এমই-১

প্রকাশনা

লজিষ্টিক্স পরিদপ্তর
কোস্ট গার্ড সদর দপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

**ডিজাইন ও মুদ্রণঃ**

ক্রিয়েটিভ প্লাস
বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯।

**প্রজেক্ট ডাইরেক্টরস**

ক্যাপ্টেন এম মুনিরুল ইসলাম, (এস), পিএসসি, বিএন
ক্যাপ্টেন আবু মোনায়েম কুদরত উল্লাহ, (এস), পিএসসি, বিএন

**প্রজেক্ট কো-অর্ডিনেটর**

লেঃ কমান্ডার সৈয়দ আবদুস সামাদ, (এস), বিএন

**এডিটরস্**

কমান্ডার এম লুৎফর রহমান, (এস), বিএন
লেঃ কমান্ডার সৈয়দ আবদুস সামাদ, (এস), বিএন
লেঃ কমান্ডার এস এম মাহিতুরে রোম্মান, (ই), বিএন
কামরুল ইসলাম, সিপিও (এস)

**ফটোগ্রাফী**

কমান্ডার এম লুৎফর রহমান, (এস), বিএন
লেঃ কমান্ডার সৈয়দ আবদুস সামাদ, (এস), বিএন
লেঃ কমান্ডার এস এম মাহিতুরে রোম্মান, (ই), বিএন
এম এ সাত্তার, এল/আরইএন
এম ইলিয়াস, এমই-১

**প্রকাশনা**

লজিষ্টিক্স পরিদপ্তর
কোস্ট গার্ড সদর দপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

**ডিজাইন ও মুদ্রণঃ**

ক্রিয়েটিভ প্লাস
বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯।

বাংলাদেশ কোস্ট গার্ড